http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8163/পাকিস্তানকে--হোয়াইটওয়াশ-করলো-বাংলাদেশ.

**পিটারসেনকে 'বলির পাঁঠা' বানানো হয়েছে**

০৭ মার্চ ২০১৪, ৩:৪৩ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: গত অ্যাশেজ সিরিজে ইংল্যান্ডের লজ্জার হারের জন্য কেভিন পিটারসেনকে 'বলির পাঁঠা' বানানো হয়েছে বলে মন্তব্য করেছেন ওয়েস্ট ইন্ডিজের সাবেক ব্যাটসম্যান ভিভিয়ান রিচার্ডস।

অ্যাশেজ সিরিজে অস্ট্রেলিয়ার কাছে ৫-০ ব্যবধানের লজ্জায় হারে ইংল্যান্ড। যেখানে কিনা পিটারসেন ছিলেন ইংল্যান্ডের একজন ধারাবাহিক ব্যাটসম্যান। অ্যাশেজে সবসময়য় বেশি রান তারই সংগ্রহ। কিন্তু সিরিজ শেষে হঠাৎ করে তার বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ আনে ইংল্যান্ড ক্রিকেট বোর্ড (ইসিবি)। 'বিতর্কিত' ভাবে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর দেওয়া হয় পিটারসেনকে।

ভিভিয়ান রিচার্ডস বলেন, "অস্ট্রেলিয়া সিরিজে পিটারসেন একটু হতাশ ছিলেন। কিন্তু যদি সবকিছু বিচার করা হয় তাহলে ইংল্যান্ড ক্রিকেটে তার অবদান অনেক বেশি। ক্রিকেট ইতিহাসের সেরা ব্যাটসম্যানদের মধ্যে সে একজন।"

ক্যারিবীয় এই 'মাস্টার ব্লাস্টার' বলেন, "যদি আমার দিক থেকে বিচার করা হয় তাহলে বলবো, ইংল্যান্ড সিরিজ হারের পর একজন 'বলির পাঁঠা' খুঁজছিল। যার শিকার হয়েছেন পিটারসেন।"

পিটারসেনকে অবসর দেয়ায় রিচার্ডসের মতো ইংল্যান্ড ক্রিকেট বোর্ডের সমালোচনা করেছেন সাবেক ইংলিশ অল রাউন্ডার এন্ড্রু ফ্লিনটফও।

ডেইলি মেইলকে দেওয়া এক সাক্ষাৎকারে ফ্লিনটফ বলেন, "যদি পিটারসেন শৃঙ্খলা ভঙ্গ করেই থাকে তাহলে কেন তাকে অস্ট্রেলিয়ার বিপক্ষে পাঁচ টেস্ট ম্যাচই খেলতে দেওয়া হল?"

সাবেক এই অল রাউন্ডার বলেন, "কে তাকে বাদ দেয়ার সিদ্ধান্ত দিল? তারা (ক্রিকেট বোর্ড) কী মনে করে পিটারসেনকে ছাড়াই ইংল্যান্ড ভালো ক্রিকেট খেলবে?"

বুধবার ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ শেষ করেছে ইংলিশরা। ওয়ানডে সিরিজ ২-১ ব্যবধানে জিতেছে তারা। এরপর খেলবে টি-টোয়েন্টি সিরিজ।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: জি নিউজ

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8236/পিটারসেনকে-\'বলির-পাঁঠা\'-বানানো-হয়েছে.

**নাইকির কাছে আডিডাসের পরাজয়**

০৮ মার্চ ২০১৪, ১২:৪৫ অপরাহ্ণ

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ফুটবল বিশ্বকাপে এতদিন একচেটিয়া দাপট ছিল জার্মান ক্রীড়া সরঞ্জাম প্রস্তুতকারক প্রতিষ্ঠান আডিডাসের। তবে এবারের বিশ্বকাপে যুক্তরাষ্ট্রের ক্রীড়া সরঞ্জাম প্রস্তুতকারক প্রতিষ্ঠান নাইকির কাছে পরাজয় বরণ করলো আডিডাস। ২০১৪ ব্রাজিল বিশ্বকাপে নাইকি শুধু মেসি বা বার্সেলোনায় তাঁর সতীর্থ ইনিয়েস্তার মতো ফুটবলারদেরই স্পন্সর নয়, বিশ্বকাপের সবচেয়ে বেশি দলের সঙ্গেও থাকছে তারা।

এবার মোট দশটি দলকে খেলাধুলার সরঞ্জাম সরবরাহ করবে নাইকি। তালিকায় রয়েছে ব্রাজিল, অস্ট্রেলিয়া, ক্রোয়েশিয়া, ইংল্যান্ড, ফ্রান্স, গ্রিস, নেদারল্যান্ডস, পর্তুগাল, দক্ষিণ কোরিয়া এবং যুক্তরাষ্ট্র।

নাইকি দশটি দলের সঙ্গে চুক্তি করলেও জার্মানির আডিডাস পেয়েছে আটটি দলকে। বিশ্বকাপে আগে কখনো এমন হয়নি। এতকাল বাস্কেটবলে প্রাধান্য ছিল নাইকির আর ফুটবলে ছড়ি ঘুরিয়ে আসছিল আডিডাস। ফুটবল বিশ্বকাপেও ছিল আডিডাসের দাপট। এবারই প্রথম বেশি দলকে সামগ্রী সরবরাহ করার প্রতিযোগিতায় নাইকির কাছে হেরে গেল আডিডাস।

অবশ্য তারকা ফুটবলার এবং ফুটবল দুনিয়ার সেরা দলগুলোর মাঝে আডিডাসের আকর্ষণ কমেনি। ব্রাজিল বিশ্বকাপে স্পেন, আর্জেন্টিনা, কলম্বিয়া, জার্মানি, জাপান, মেক্সিকো, নাইজেরিয়া এবং রাশিয়া দলকে যাবতীয় ফুটবল সামগ্রী সরবরাহ করবে তারা।

ব্রাজিলে ২০১৪ বিশ্বকাপ শুরু হবে আগামী ১২ই জুন। মাঠে দেখা যাবে ফুটবল শ্রেষ্ঠত্বের স্বীকৃতি আদায়ের জন্য খেলোয়াড়দের দুর্দান্ত লড়াই। আড়ালে চলবে আডিডাস বনাম নাইকির লড়াই। বিশ্বকাপের মাধ্যমে ফুটবলে বাণিজ্যের আরো প্রসার ঘটানোর লড়াই।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8297/নাইকির-কাছে-আডিডাসের-পরাজয়.

**আবারো হোঁচট খেল বার্সা**

০৯ মার্চ ২০১৪, ১০:৩৩ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: লা লিগায় রিয়াল ভায়াদোলিদের কাছে ১-০ গোলে হেরে আবারো হোঁচট খেল বার্সেলোনা। এই হারে শীর্ষস্থান ফিরে পাওয়ার সুযোগটাও হাতছাড়া করলো জেরার্ডো মার্টিনোর দল।

এ নিয়ে লা লিগার চলতি মৌসুমে চতুর্থ হার মানতে হল বর্তমান চ্যাম্পিয়নদের। এর আগে অ্যাথলেটিক বিলবাওর মাঠে প্রথম লিগ ম্যাচ হেরেছিল বার্সা। এরপর ফেব্রুয়ারির শুরুতে ঘরের মাঠে এসে বার্সাকে হারিয়ে দিয়েছিল ভ্যালেন্সিয়া। আর তৃতীয় হারটি তো কদিন আগেই। রিয়াল সোসিয়েদাদের কাছে ৩-১ গোলে হারে তারা।

শনিবার পুরো শক্তির দল নিয়েই ভায়াদোলিদের বিপক্ষে মাঠে নেমেছিল জেরার্ডো মার্টিনোর দল। অসুস্থতার শঙ্কায় থাকা লিওনেল মেসি খেলেছেন ম্যাচের শুরু থেকেই। ছিলেন ব্রাজিলিয়ান তারকা নেইমারও। তবে এদিন ভায়াদোলিদের কাছে একরকম পাত্তায় পায়নি বার্সা।

খেলার ১৬ মিনিটেই স্বাগতিক ভায়াদোলিদের পক্ষে একমাত্র গোলটি করেন ইতালিয়ান মিডফিল্ডার ফাউস্তো রসি। এরপর প্রথমার্ধে কয়েকটি গোলের সুযোগ পেয়েও কাজে লাগাতে ব্যর্থ হন বার্সার খেলোয়াড়রা।

গোল খেয়ে পিছিয়ে থাকা বার্সা দ্বিতীয়ার্ধে আরো মরিয়া হয়ে ওঠে গোল পরিশোধ করার জন্য। খেলার ৮৩ মিনিটে ডি বক্সের একটু বাইর থেকে একটি ফ্রি কিক পায় মেসিরা। তবে ভায়াদোলিদের জাল ভেদ করতে পারেনি মেসির বাঁকানো শট। শেষ পর্যন্ত আর গোল না পাওয়ায় ভায়াদোলিদের কাছে ১-০ লজ্জার হার নিয়ে মাঠ ছাড়তে হয় জেরার্ডো মার্টিনোর দলকে।

লিগে বর্তমানে ২৭ ম্যাচ খেলে ৬৪ পয়েন্ট নিয়ে শীর্ষে অবস্থান করছে আতলেতিকো মাদ্রিদ। এক ম্যাচ কম খেলে ৬৪ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রিয়াল মাদ্রিদ। আর চতুর্থবারের মতো হেরে যাওয়া বার্সা ২৭ ম্যাচে ৬৩ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে অবস্থান করছে।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: স্কাই স্পোর্টস

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8352/আবারো-হোঁচট-খেল-বার্সা.

**ভারতের কোচ পরিবর্তন চান গাভাস্কার**

১০ মার্চ ২০১৪, ২:৫৯ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: দেশের বাইরে দক্ষিণ আফ্রিকা ও নিউজিল্যান্ডের বিপক্ষে টানা সিরিজ হার। এরপর গেল দ্বাদশ এশিয়া কাপে লিগ পর্ব থেকেই শূন্য ঝুলি নিয়ে বিদায়। সবমিলে একরকক বিধ্বস্ত এখন ভারতীয় ক্রিকেট দল। ভারতের বর্তমান যে দুরাবস্থা তাতে করে কোচ পরিবর্তনের কথা বললেন ভারতের সাবেক ব্যাটসম্যান সুনীল গাভাস্কার।

ভারতের একটি জাতীয় দৈনিকে গাভাস্কার বলেন, 'ভারতের বর্তমান কোচ ডানকান ফ্লেচারের জায়গায় একজন তরুণ ও কর্মঠ কোচ দরকার। যে আগামী বছরে অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ডে অনুষ্ঠিতব্য আইসিসি বিশ্বকাপের জন্য খেলোয়াড়দের ভাল করে তৈরি করতে পারবেন।'

সর্বকালের সেরা এই ভারতীয় ব্যাটসম্যান বলেন, '৬৫ বছর বয়স্ক সাবেক জিম্বাবুইয়ান ক্রিকেটার ফ্লেচারের অধীনে ভারতীয় খেলোয়াড়দের বিচিত্র দেখায়। ভারতীয় ক্রিকেটে দরকার একজন তরুণ কোচ। যে দলের সাথে বাইরেও কাজ করতে চাইবেন।'

তিনি বলেন, 'আগের কোচ গ্যারি কারস্টেনের অধীনেই ভারতীয় দল বিশ্ব ক্রিকেটে ভাল অবস্থানে ছিল। কারণ কারস্টন জানেন কিভাবে একটা দলের খেলোয়াড়দের তৈরি করতে হয়, কিভাবে অনুশীলন করাতে হয়। তার অধীনেই খেলোয়াড়রা অনেক উপভোগ্য অনুশীলন করেছে।

কারস্টনের অধীনেই ভারত ২০১১ সালে টেস্ট র‌্যাংকিংয়ে এক নম্বরে উঠে এসেছিল। এমনকি তার অধীনেই ২০১১ আইসিসি বিশ্বকাপ জেতে ভারত।

গাভাস্কার বলেন, 'ফ্লেচারের অধীনে দলকে অনেক বিচিত্র লাগে। তিনি দলকে অনুপ্রাণিত করতে পারছেন না।'

গাভাস্কারের ভাষায়, আগামী আইসিসি বিশ্বকাপের আর মাত্র এক বছরেরও কম সময় আছে। দর্শকরা চায় না ভারত সেখানে খারাপ পারফর্ম করুক। তাই ফ্লেচারের জায়গায় দলকে অনুপ্রাণিত করতে পারবে এমন একজন কোচ জরুরী। যদি এটা না করা হয় তাহলে ভারতীয় ক্রিকেট ভবিষ্যতে আরো খারাপ দিকে যাবে।'

সদ্য সমাপ্ত দ্বাদশ এশিয়া কাপে ভারতকে শূন্য ঝুলি নিয়েই ফিরতে হয়েছে। এরপর ১৬ মার্চ থেকে বাংলাদেশে বসছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। যেখানে ২১ মার্চ নিজেদের প্রথম ম্যাচে পাকিস্তানের মুখোমুখি হবে ভারত। এখানে ভারতের শূন্য ঝুলি ভরবে কিনা তা এখন সময়ই বলে দেবে।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: এনডিটিভি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8460/ভারতের-কোচ-পরিবর্তন-চান-গাভাস্কার.

## 'মেসির চেয়ে এগিয়ে নেইমার'

১১ মার্চ ২০১৪, ২:২৭ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ঘরের মাঠে বিশ্বকাপ বলে কথা। সেজন্যই হয়তো নিজেদের খেলোয়াড়দের নিয়ে একটু বেশিই আশাবাদের কথা শোনালেন ব্রাজিলের ফুটবল কিংবদন্তী পেলে। সর্বকালের সেরা এই ফুটবলার মনে করেন, ২০১৪ ব্রাজিল বিশ্বকাপের শিরোপা জেতার জোরালো সম্ভাবনা রয়েছে নেইমারসহ তার সতীর্থদের।

পেলে কথা বলেন মূলত আর্জেন্টাইন সুপারস্টার মেসি ও ব্রাজিলিয়ান সুপারস্টার নেইমারকে নিয়ে। তিনি মনে করেন, ক্লাব ফুটবলে বার্সেলোনার দুই সুপারস্টার হচ্ছেন মেসি ও নেইমার। তবে জাতীয় দলের হয়ে খেলায় মেসির চেয়ে নেইমারই এগিয়ে থাকবে।

এর ব্যাখ্যাও অবশ্য দিয়েছেন এই ব্রাজিলিয়ান ফুটবল কিংবদন্তী। পেলে বলেন, 'মেসি বার্সেলোনার জন্যই সেরা, আর্জেন্টিনার জন্য নয়। কারণ জাতীয় দলে তার সতীর্থদের সাথে তার সম্প্রীতির অভাব রয়েছে।'

মেসিকে নিয়ে ৭৩ বছর বয়সী পেলে বলেন, 'যখন সে বার্সেলোনায় খেলে তখন তাকে মেসি মনে হয়। তবে যখন আর্জেন্টিনার হয়ে খেলে তখন যেন তাকে অন্য এক মেসি মনে হয়।'

পেলে আরো বলেন, 'বার্সেলোনায় মেসিকে সাহায্য করার জন্য জাভি, ইনিয়েস্তার মতো দুই-তিনজন চমৎকার সতীর্থ রয়েছে। কিন্তু আর্জেন্টিনা দলে তার জন্য এটি একদমই ভিন্নরকম। জাতীয় দলের সতীর্থদের সাথে সম্প্রীতি না থাকায় তাকে পুরোপুরি অন্য মেসি মনে হয়।'

তবে নেইমারের ক্ষেত্রে ভিন্ন কথা বললেন পেলে। তিনি মনে করেন, এই মৌসুমে বার্সেলোনার সাথে যোগ দিয়ে ভালো সিদ্ধান্তই নিয়েছে নেইমার। এতে করে বিশ্বকাপের আগে সে নিজেকে ভালো মতো তৈরি করতে পারবে।

পেলে বলেন, 'এটি নেইমারের প্রথম বিশ্বকাপ। কেউ জানেনা যে এবারের বিশ্বকাপে কী ঘটতে যাচ্ছে। তবে এটি তার জন্য একটি বড় দায়িত্বও বটে।'

এর আগে ব্রাজিল বিশ্বকাপ ট্রফি ঘরে তুলেছে মোট পাঁচবার। যার তিনবারই এসেছে এই কিংবদন্তীর হাত ধরে। এবারো বিশ্বকাপ জেতার ব্যাপারে আশাবাদী পেলে। তিনি মনে করেন, দেশের মাটিতে ব্রাজিল এবার বিশ্বকাপ জিতবে। দলকে দারুণভাবে গড়ে তোলার জন্য কোচ লুই ফেলিপে স্কলারি ও দলের টেকনিক্যাল পরিচালক কার্লোস আলবার্তো পেরেইরাকে ধন্যবাদ জানান পেলে।

১৯৫০ সালের বিশকাপেও আয়োজক দেশ ছিল ব্রাজিল। সেবার ফাইনালে উরুগুয়ের সাথে হেরে ট্রফি জেতার স্বপ্ন ধূলিসাৎ হয়ে যায় ব্রাজিলের। তবে এবার সেই তিক্ত অভিজ্ঞতার পুনরাবৃত্তি চান না এই সাবেক ব্রাজিলিয়ান সুপারস্টার।

এবারের বিশ্বকাপে ব্রাজিলের মতো জার্মানি ও স্পেনকেও শিরোপার অন্যতম দাবীদার মনে করছেন পেলে। এ বছরের ১২ জুন ব্রাজিল-ক্রোয়েশিয়া ম্যাচ শুরু হবে ফিফা বিশ্বকাপের ২০তম আসর।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: গোল ডটকম

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8524/‘মেসির-চেয়ে-এগিয়ে-নেইমার’.

**নাকানি চুবানি খেল ইংল্যান্ড**

১২ মার্চ ২০১৪, ১১:০৭ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ওয়েস্ট ইন্ডিজের কাছে সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে ২৭ রানে হেরেছিল ইংল্যান্ড। দ্বিতীয় ম্যাচে এসে আবারো হারলো পাঁচ উইকেটে। ১৫২ রানের পুঁজি গড়ে ক্রিস গেইল ও ড্যারেন স্যামির ঝড়ো ব্যাটিংয়ের সামনে সত্যিই নাকানি চুবানি খেয়েছে ইংল্যান্ড। সেই সাথে এক ম্যাচ বাকি থাকতেই সিরিজ জিতে নিয়েছে স্যামির দল।

মঙ্গলবার ব্রিজটাউনে টস জিতে আগে ব্যাট করে ইংল্যান্ড। কিন্তু দলীয় ২৬ রানের মধ্যেই তিন টপ অর্ডার ব্যাটসম্যানকে সাজঘরের পথ দেখান ক্যারিবীয় বোলাররা। ফলে চাপে পড়ে যায় ইংল্যান্ড। তবে চতুর্থ উইকেটে অ্যালেক্স হ্যালস ও জস বাটলারের ৭৬ রানের জুটিতে চাপ সামাল দেয় ইংলিশরা। এই দুই ব্যাটসম্যানের কল্যাণেই নির্ধারিত ২০ ওভারে সাত উইকেটে ১৫২ রানের পুঁজি গড়ে ইংল্যান্ড। দলের পক্ষে বাটলার করেন সর্বোচ্চ ৬৭ রান। ৪৩ বলের এই ইনিংসে ছিল ৫টি চার ও ৩টি ছক্কার মার। এছাড়া হ্যালস করেন ৪০ রান। ওয়েস্ট ইন্ডিজের পক্ষে সর্বোচ্চ ৪ উইকেট নেন কৃষমার সান্টোকি।

১৫৬ রানের লক্ষ্যে খেলতে নেমে ক্যারিবীয়দের দুর্দান্ত সূচনা এনে দেন ওপেনার ডোয়ায়েন স্মিথ ও গেইল। মাত্র ৪.৩ ওভারের তুলে নেন

৪৮ রান। ২টি চার ও ৩ ছক্কায় ১৬ বলে ৩০ রান করে আউট হন স্মিথ। দলীয় ৭৬ রানে থামে গেইলের ঝড়ো ইনিংস। ৩০ বলে চার ছক্কায় ৩৬ রান করেন এই হার্ড হিটার ব্যাটসম্যান। এছাড়া শেষ দিকে অধিনায়ক স্যামির মাত্র ৯ বলে ৩০ রানের ঝড়ো ইনিংসে সাত বল বাকি থাকতেই জয় তুলে নেয় ওয়েস্ট ইন্ডিজ। ম্যাচ সেরা হন ওয়েস্ট ইন্ডিজের সান্টোকি। এই জয়ে তিন ম্যাচ সিরিজ ২-০ ব্যবধানে এগিয়ে গেল ওয়েস্ট ইন্ডিজ।

আর মাত্র তিন দিন পরই শুরু হতে যাচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। বড় এই টুর্নামেন্টের আগে টি-টোয়েন্টিতে এমন সিরিজ হার কী চাপেই ফেলে দিল না ইংল্যান্ডকে?

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8577/নাকানি-চুবানি-খেল-ইংল্যান্ড.

**অবশেষে টাইগারদের স্বস্তির জয়**

১৩ মার্চ ২০১৪, ১০:২১ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: সেই যে গেল বছর নিউজিল্যান্ডের বিপক্ষে সর্বশেষ জয়ের মুখ দেখেছিল বাংলাদেশের ক্রিকেট। এরপর শ্রীলঙ্কা সিরিজ ও দ্বাদশ এশিয়া কাপ কেটে গেল জয়হীনভাবেই। তবে অবশেষে জয়ের স্বাদ পেলো বাংলাদেশ। হোক না সেটা প্রস্তুতি ম্যাচ। প্রতিপক্ষ তো আরেকটা জাতীয় দলই ছিল। স্বস্তির জয়টা দেখা দিলো ফতুল্লায়। টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রস্তুতি ম্যাচে সংযুক্ত আরব আমিরাতকে চার উইকেটে হারিয়ে জয়খরা কাটলো মুশফিক বাহিনীর।

বুধবার ফতুল্লার খান সাহেব ওসমান আলী স্টেডিয়ামে জয়টা একটু কষ্টেই পেতে হয়েছে বাংলাদেশকে। প্রতিপক্ষের দেওয়া ১৪৩ রানে লক্ষ্যে খেলতে নেমে প্রথম ওভারেই দলীয় ২ রানে ওপেনার এনামুল হকের উইকেট হারায় স্বাগতিকরা। শূন্য রানে ফেরেন এনামুল। এরপর দলীয় ১৭ রানে ব্যক্তিগত ৯ রান করে সাজঘরের পথে হাঁটেন সাকিব আল হাসান।

তবে তৃতীয় উইকেটে তামিম ইকবাল ও মুশফিকুর রহিম মিলে ৫৮ রানের জুটি গড়েন। ব্যক্তিগত ২৭ রান করে কামরান সাহজাদের বলে আউট হন মুশফিক। দলীয় ৮২ রানে ব্যক্তিগত ৪৩ রান করে ফেরেন তামিম ইকবাল। এরপর দলীয় ১১২ রানের মধ্যেই আরো ২ উইকেট হারায় টাইগাররা। ১৫ রান করে আমজাদ জাভেদের বলে বোল্ড হন নাসির হোসেন। মুমিনুল ফেরেন ৪ রান করে। তবে শেষ দিয়ে মাহমুদউল্লাহ ও ফরহাদ রেজার ঝড়ো ব্যাটিংয়ে ৭ বল বাকি থাকতেই জয় তুলে নেয় স্বাগতিকরা। দলের পক্ষে সর্বোচ্চ ৪৩ রান আসে তামিম ইকবালের ব্যাট থেকেই। ৩০ বলে ৬টি চার ও এক ছক্কায় সাজানো তামিমের ৪৩ রানের ইনিংস।

এর আগে টস জিতে আগে ব্যাট করে ১৪২ রান সংগ্রহ করে সংযুক্ত আরব আমিরাত। দলের পক্ষে অধিনায়ক খুররম খান করেন সর্বোচ্চ ৪৪ রান। বাংলাদেশের পক্ষে দুটি উইকেট পান ফরহাদ। এছাড়া একটি করে দখল করেন আল-আমিন হোসেন, রুবেল হোসেন, মাহমুদউল্লাহ ও আব্দুর রাজ্জাক ।

টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে টাইগারদের এমন কষ্টের জয় একটু চিন্তারও বিষয়। ব্যাটিং লাইন আপ যে এখনো দূর্বল রয়ে গেছে তা এই ম্যাচ দেখলেই বোঝা যায়। তবে টাইগাররা জয়ে ফিরেছে এটাই মূল কথা। কারণ একটা জয়ই কোনো দলকে আরো ভালো খেলতে উ৻সাহিত করে।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8650/অবশেষে-টাইগারদের-স্বস্তির-জয়.

**ফুটবলকে বিদায় জানালেন রিভালদো**

১৬ মার্চ ২০১৪, ১১:৫১ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: পেশাদার ফুটবলকে বিদায় জানালেন সাবেক ব্রাজিলিয়ান মিডফিল্ডার রিভালদো। শনিবার আনুষ্ঠানিকভাবে অবসরের ঘোষণা দেন ২০০২ সালে ব্রাজিলের বিশ্বকাপজয়ী এই সুপারস্টার।

সাবেক এই সুপারস্টারের ব্রাজিলের জাতীয় ফুটবল দলে অভিষেক হয় ১৯৯৩ সালে। খেলেছেন ২০১৩ সাল পর্যন্ত। ৭৪ ম্যাচে খেলে গোল করেছেন ৩৪টি। এছাড়া ক্লাব ফুটবলে দর্শক মাতিয়েছেন বার্সেলোনা ও এসি মিলানের জার্সি গায়ে।

তবে গত কয়েক বছর ধরে শীর্ষ পর্যায়ের কোনো দলে খেলেননি এই সুপারস্টার। অবশেষে টুইটার ও ইন্সটাগ্রামে নিজের অবসরের ঘোষণা দেন তিনি।

আর্থিক চ্যালেঞ্জ ও হতাশা কাটিয়ে এতদূর আসাকে 'অলৌকিক' বলে আখ্যায়িত করেছেন ৪১ বছর বয়সী রিভালদো। নিশ্চিত অর্থেই তাঁর এই দীর্ঘ ফুটবল ক্যারিয়ার ভবিষ্য খেলোয়াড়দের জন্য অনুকরণীয় হয়ে থাকবে।

২৪ বছরের ফুটবল ক্যারিয়ারের ইতি টানতে গিয়ে রিভালদো তাঁর অফিসিয়াল টুইটার বার্তায় লেখেন, 'আমার দীর্ঘ ২৪ বছরের পেশাদার ফুটবল জীবনে ঈশ্বর, পরিবার, এবং ভক্ত সমর্থকদের কাছ থেকে অনেক সমর্থন পেয়েছি। আমি অশ্রুসিক্ত ভাষায় সবাইকে ধন্যবাদ জানাই।'

১৯৯৯ সালের ফিফা বর্ষসেরা ফুটবলের খেতাব 'ব্যলন ডি'অর' জেতা রিভালদো নিজের ব্যক্তিগত অর্জন সম্পর্কে লেখেন, 'আমার কঠোর পরিশ্রম ও ঈশ্বরের কৃপায় আমি বিশ্বের সেরা খেলোয়াড় হয়েছিলাম। ব্রাজিলের হয়ে বিশ্বকাপ জিতেছিলাম। এছাড়া আরো অনেক এ্যাওয়ার্ড পেয়েছি। এ সব কিছুই আমার জন্য অনেক বড় অর্জন।'

পর্তুগিজ ও ইংরেজি দুই ভাষাতেই তিনি লেখেন, 'আজ সারা বিশ্বে আমি আমার ভক্তদের সঙ্গে যোগাযোগ রেখে বলতে চাই পেশাদার খেলোয়াড় হিসেবে আমার ফুটবল ইতিহাস শেষ হচ্ছে।'

নিজের অবসর নেয়াকে ইতিহাসের অংশ এবং একটি বড় উদাহরণ হিসেবেও উল্লেখ করেন রিভালদো।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: গোল ডটকম

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8870/ফুটবলকে-বিদায়-জানালেন-রিভালদো.

**ফেদেরারকে হারিয়ে শিরোপা জোকোভিচের**

১৭ মার্চ ২০১৪, ১:৫৫ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: রজার ফেদেরারকে হারিয়ে ইন্ডিয়ান ওয়েলস টুর্নামেন্টের শিরোপা জিতলেন নোভাক জোকোভিচ।

রবিবার ফাইনালে ফেদেরাররের বিপক্ষে ৩-৬, ৬-৩, ৭-৬ (৭/৩) গেমে জেতেন জোকোভিচ। প্রথম সেট জিতে এগিয়েছিলেন ফেদেরার। তবে দ্বিতীয় সেটে ঘুরে দাঁড়ান জোকোভিচ। শেষ পর্যন্ত টাইব্রেকারে জিতে ফেদেরারকে হারান এই সার্বিয়ান তারকা।

গত মাসে দুবাই চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে ফেদেরারের কাছে হারতে হয়েছিল জোকোভিচকে । সে দিক থেকে দেখলে ইন্ডিয়ান ওয়েলস টুর্নামেন্টের ফাইনালে ফেদেরারের বিপক্ষে মধুর প্রতিশোধই নিলেন জোকোভিচ।

এর আগে ২০০৪, ২০০৫, ২০০৬ ও ২০১২ সালে সর্বমোট চারবার ইন্ডিয়ান ওয়েলস টুর্নামেন্টের ফাইনালে উঠেছিলেন ফেদেরার। এবং সবগুলোতেই শিরোপা জিতেছিলেন এই সুইস তারকা। ফাইনালে এটাই তার প্রথম হার।

শিরোপা জয়ের পর জোকোভিচ বলেন, 'এই বছরের প্রথম শিরোপা জয়ে আমি অনেক খুশি।'

ম্যাচ হারলেও নিজে ভালো খেলছেন দাবি করে ফেদেরার বলেন, মনে করি আমি ভালো খেলেছি। টুর্নামেন্টের শেষটা যে খুবই উপভোগ্য হয়েছে এতে কোনো সন্দেহ নেই।'

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: জি নিউজ

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/8978/ফেদেরারকে-হারিয়ে-শিরোপা-জোকোভিচের.

## অবিশ্বাস্য জয়ে 'সুপার টেনে' নেদারল্যান্ডস

২২ মার্চ ২০১৪, ১০:৩৩ পূর্বাহ্ণ

খেলাধুলা ডেস্ক

ঢাকা: বলা হয় ক্রিকেট অনিশ্চয়তার খেলা। শেষ বল না হওয়া পর্যন্ত ক্রিকেটে সবকিছুই সম্ভব। তাই বলে টি-টোয়েন্টিতে ১৯০ তাড়া করে জেতা! তাও আবার মাত্র ১৩.৫ ওভারে? অবিশ্বাস্য হলেও এটাই সত্যি। আয়ারল্যান্ডের বিপক্ষে ১৯০ রান লক্ষ্য তাড়া করে ছয় উইকেটের অবিশ্বাস্য জয় নিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপের 'সুপার টেনের' টিকিট নিশ্চিত করেছে নেদারল্যান্ডস। সেই সাথে আয়ারল্যান্ড ও জিম্বাবুয়ের 'সুপার টেন' খেলার স্বপ্নও গুঁড়িয়ে দিয়েছে ডাচরা।

শুক্রবার সিলেট স্টেডিয়ামে বিশ্বকাপের প্রথম রাউন্ডের শেষ ম্যাচে নেদারল্যান্ডসকে ১৯০ রানের পাহাড়ি লক্ষ্য বেঁধে দেয় আয়ারল্যান্ড। তবে সে পাহাড় যে সহজেই টপকে যাবে ডাচরা এটা হয়তো কারো ভাবনাতেও ছিল না। তবে ডাচদের ভাবনাতে হয়তো ঠিকই ছিল। সুপার টেনে যেতে হলে আয়ারল্যান্ডের বেঁধে দেওয়া লক্ষ্য ১৪.২ ওভারে পূর্ণ করতে হতো নেদারল্যান্ডসকে। এই পাহাড় সমান রান তাড়া করতে নেমে দুই উদ্বোধনী ব্যাটসম্যান পিটার বোরেন ও স্টেফান মাইবার্গ মিলে চার-ছক্কার ঝড়ো ব্যাটিংয়ে 'পাওয়ার প্লে'র ৬ ওভারেই তোলেন ৯১ রান। ষষ্ঠ ওভারের শেষ বলে আউট হন অধিনায়ক বোরেন। তবে তার আগেই ৪টি চার ও দু'টি ছক্কায় ১৫ বলে ৩১ রানের ঝড়ো ইনিংস খেলেন তিনি।

বোরেন আউট হলেও অপরপ্রান্তে আরো ভয়ংকর হয়ে ওঠেন মাইবার্গ। মাত্র ১৭ বলে তুলে নেন টি-টোয়েন্টিতে দ্বিতীয় দ্রুততম হাফ সেঞ্চুরি। দলীয় ৯৮ রানে থামে তার ঝড়ো ইনিংস। মাত্র ২৩ বলে ৬৩ রান করার পথে ৪টি চার ও ৭টি বিশাল ছক্কা মারেন এই বাঁহাতি ব্যাটসম্যান। তার একটু পরেই অবশ্য ১ রান করে সাজঘরে ফেরেন ভান বিক।

তবে চতুর্থ উইকেটে ২৪ বলে ৬১ রানের জুটি গড়েন ওয়েসলি বারেসি ও টম কুপার। দলীয় ১৬১ রানে ৬টি ছক্কাসহ মাত্র ১৫ বলে ৪৫ রান করে ক্যাচ আউট হন কুপার। তবে ২২ বলে ৩টি চার ও ৩টি ছক্কায় ৪০ রানে অপরাজিত থেকে দলকে জয়ের বন্দরে পৌঁছে দেন বারেসি। আর বিশাল এক ছক্কা মেরে দলের জয় নিশ্চিত করেন বেন কুপার। সুপার টেনে উঠতে যেখানে তাদের জিততে হতো ১৪.২ ওভারে। সেখানে তার তিন বল বাকি থাকতেই অবিশ্বাস্য জয় তুলে নেয় ডাচরা। আর বিমানের টিকিট নিশ্চিত হয়ে যায় আয়ারল্যান্ড ও জিম্বাবুয়ের।

এর আগে টস হেরে ব্যাট করে টপ অর্ডার ব্যাটসম্যানদের ঝড়ো ব্যাটিংয়ে ৪ উইকেটে ১৮৯ রান তোলে আয়ারল্যান্ড। আন্ড্রু পয়েন্টার করেন ৩৮ বলে ৫৭ রান। এছাড়া অধিনায়ক উইলিয়াম পোর্টারফিল্ড ৩২ বলে ৪৭ ও কেভিন ও'ব্রায়েন ১৬ বলে ৪২ রান করেন । তবে ম্যাচ শেষে তাদের এই পাহাড় সমান রানের স্কোর কোনো কাজেই আসেনি।

এই ম্যাচে রেকর্ডও হয়েছে অনেকগুলো। এক ইনিংসে ১৯টি ছক্কা মারার রেকর্ড গড়েছে নেদারল্যান্ডস। ১৮টি ছক্কার আগের রেকর্ডটি ছিল অস্ট্রেলিয়ার। সেই সাথে মাত্র ১৩.৫ ওভারে ১৯০ রানের লক্ষ্য তাড়া করে জেতার রেকর্ডও গড়েছে ডাচরা। এই ম্যাচে ৩৩.৫ ওভারে

সর্বমোট রান হয়েছে ৩৮২। দুই ইনিংসে চারের চেয়ে ছক্কায় হয়েছে বেশি। চার হয়েছে সর্বমোট ২৫টি আর ছক্কা হয়েছে ৩০টি। ম্যাচ সেরা হয়েছেন নেদারল্যান্ডসের স্টেফান মাইবার্গ।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/9282/অবিশ্বাস্য-জয়ে-'সুপার-টেনে'-নেদারল্যান্ডস.

**ভারত-পাকিস্তান ফাইনাল দেখছেন মিয়াঁদাদ**

২২ মার্চ ২০১৪, ৪:২১ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: টি-টোয়েন্টি বিশ্বকাপের চূড়ান্ত পর্বের প্রথম ম্যাচেই ভারতের কাছে শোচনীয়ভাবে হেরেছে পাকিস্তান। তবুও এই দুই চিরপ্রতিদ্বন্দ্বী দল ফাইনাল খেলবে বলে মনে করেন পাকিস্তানের সাবেক অধিনায়ক জাভেদ মিয়াঁদাদ।

শুক্রবার মিরপুরে পাকিস্তানকে সাত উইকেটে হারিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপের মিশন শুরু করেছে ভারত। সেই সাথে দ্বাদশ এশিয়া কাপে পাকিস্তানের কাছে হারেরও প্রতিশোধ নিয়েছে তাঁরা। একই সঙ্গে বিশ্বকাপের আসরে নিজেদের বিপক্ষে পাকিস্তানের জয়ের সপ্নও রেখেছেন অধরা। এখনো পর্যন্ত ওয়ানডে ও টি-টোয়েন্টি কোনো বিশ্বকাপেই ভারতকে হারাতে পারেনি পাকিস্তান। ওয়ানডে ও টি-টোয়েন্টি এই দুই ফরম্যাটের বিশ্বকাপে এখনো পর্যন্ত ৯ বারের সাক্ষাতে প্রতিবার হারের লজ্জা পেতে হয়েছে পাকিস্তানকে।

শুক্রবারের ম্যাচে ভারতের বিপক্ষে দাঁড়াতেই পারেনি পাকিস্তান। তবুও পাকিস্তানকে শিরোপার অন্যতম দাবিদার মনে করছেন মিয়াঁদাদ। ফাইনালে পাকিস্তানের প্রতিপক্ষ হিসেবে ভারতকেই দেখছেন তিনি।

সাবেক এই ব্যাটসম্যান বলেন, "প্রথম ম্যাচে পাকিস্তান ভারতের কাছে হেরেছে কারণ, ওরা ভাল ব্যাট করতে পারেনি। কিন্তু, টুর্নামেন্ট সবে শুরু হয়েছে। আমার মনে হয় ফাইনালে ভারত-পাকিস্তানই মুখোমুখি হবে।"

পাক ব্যাটসম্যানরা ভারতের স্পিনারদের ঠিকমত সামলাতে পারেনি বলে মনে করেন তিনি। এই টুর্নামেন্টে দু-একটি ম্যাচে হার-জিত দিয়ে কোনো দলের পারফরম্যান্স বিচার করা ঠিক হবে না বলেও মনে করেন মিয়াঁদাদ। তিনি বলেন, "গ্রুপে এখনো তিনটা করে ম্যাচ বাকি রয়েছে। সুতরাং এখনই পাকিস্তানকে বাতিলের খাতায় রাখা উচিত হবে না। পরের তিনটা ম্যাচ ভাল খেললে হাফিজরা সেমিফাইনালে যেতেই পারে।"

একই সঙ্গে সীমিত ওভারের ক্রিকেটে এখনই শহীদ আফ্রিদির হাতে দলের নেতৃত্ব তুলে দেওয়া উচিত বলে মনে করেন পাকিস্তানের সাবেক এই ব্যাটসম্যান। শুক্রবার ভারতের বিপক্ষে হাফিজের দল পরিচালনায় মোটেই খুশি নন মোহাম্মাদ ইউসুফ, মঈন খান এবং ইনজামাম-উল-হকের মতো সাবেক খেলোয়াড়রাও।

২০১৫ বিশ্বকাপের কথা ভেবে এখনই ওয়ানডে ও টি-টোয়েন্টিতে আফ্রিদির হাতে নেতৃত্ব তুলে দেওয়ার পক্ষপাতী এই সাবেক তারকারা।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/9313/ভারত-পাকিস্তান-ফাইনাল-দেখছেন-মিয়াঁদাদ.

**মেসির হ্যাটট্রিকে বার্সার জয়**

২৪ মার্চ ২০১৪, ১০:৪২ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: পাঁচ মাস আগে মৌসুমের প্রথম এল ক্লাসিকোয় বার্সেলোনার কাছে ২-১ গোলে হেরেছিলো রিয়াল মাদ্রিদ। ক্যাম্প ন্যুয়ের সেই হারের প্রতিশোধ নেয়ার লক্ষ্য নিয়েই এবার ঘরের মাঠ সান্তিয়াগো বার্নাবেউতে মাঠে নেমেছিলো রিয়াল। তবে প্রতিশোধ তো দূরে থাক উল্টো বার্সেলোনার কাছে ৪-৩ হেরে গেল রিয়াল। শ্বাসরুদ্ধকর এই ম্যাচে হ্যাটট্রিক করেছেন আর্জেন্টাইন ফুটবল জাদুকর লিওনেল মেসি।

রবিবার রাতে পুরো ম্যাচ জুড়েই ছিল আক্রমণ-প্রতিআক্রমণ, লাল কার্ড-হলুদ কার্ডের মহড়া, আর টানটান উত্তেজনার সব শ্বাসরুদ্ধকর মুহূর্ত।

খেলার সপ্তম মিনিটেই আন্দ্রেস ইনিয়েস্তার গোলে এগিয়ে যায় বর্তমান চ্যাম্পিয়ন বার্সেলোনা। লিওনেল মেসির পাস দুর্দান্ত শটে রিয়ালের জালে বল জড়িয়ে দেন ইনিয়েস্তা। খেলার ১৩ মিনিতেই সমতায় ফেরার সুযোগ পায় রিয়াল। তবে রিয়াল স্ট্রাইকার করিম বেনজেমার জোরালো শট উড়ে যায় ক্রস বারের উপর দিয়ে।

এরপর ৩-০ গোলেই এগিয়ে যেতে পারতো বার্সা। তবে খেলার ১৫ ও ১৯ মিনিটে দু'টি গোলের সুযোগ নষ্ট করেন মেসি ও নেইমার।

তবে বার্সার মতো এবার আর ভুল করেনি রিয়াল। খেলার ২০ মিনিটে বেনজেমা গোলে সমতায় ফেরে তাঁরা। আনহেল ডি মারিয়ার দারুণ ক্রস থেকে হেডে গোল করেন বেনজেমা। এর চার মিনিট পরেই আবারো ডি মারিয়ার ক্রস থেকে বেনজেমার গোলে ২-১ গোলে এগিয়ে যায় রিয়াল। তবে বিরতির ঠিক ৩ মিনিট আগে বার্সাকে আবারো সমতায় ফেরান মেসি। ফলে ২-২ সমতাতেই শেষ হয় প্রথমার্ধের খেলা।

দ্বিতীয়ার্ধে পেনাল্টি থেকে রিয়ালকে ৩-২ গোলে এগিয়ে দেন ক্রিস্টিয়ানো রোনালদো। তবে ৬৩ মিনিটে ডি বক্সের মধ্যে নেইমারকে ফেলে দিয়ে লালকার্ড দেখেন রিয়ালের স্যার্হিও রামোস। আর পেনাল্টি থেকে গোল করে বার্সেলোনাকে আবারো সমতায় ফেরান মেসি। তবে এখানেই শেষ নয় খেলার ৮৪ মিনিটে পেনাল্টি থেকে হ্যাটট্রিক পূর্ণ করেন এই আর্জেন্টাইন তারকা। সেই সাথে ৪-৩ গোলে বার্সাকে নিয়ে যান জয়ের দ্বার প্রান্তে। এমনকি ২১টি গোল করে এল ক্লাসিকোর ইতিহাসে এখন সর্বোচ্চ গোলদাতা মেসি।

এই ম্যাচে রিয়ালকে ৪-৩ গোলে হারিয়ে বার্সার পয়েন্ট দাঁড়ালো এখন ৬৯। রিয়াল মাদ্রিদ ও আতলেতিকো মাদ্রিদ উভয় দলেরই পয়েন্ট ৭০।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: স্কাই স্পোর্টস

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/9436/মেসির-হ্যাটট্রিকে-বার্সার-জয়.

**জয়ের আশা জাগিয়েও ডাচদের হার**

২৮ মার্চ ২০১৪, ১পূর্বাহ্ণ ৫৬:

খেলাধুলা ডেস্ক

ঢাকা: টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বে নিজেদের তৃতীয় ম্যাচে বড় ধরনের অঘটনের হাত থেকে বেঁচে গেল দক্ষিণ আফ্রিকা। আর বড় দলের সাথে জয়ের স্বপ্নও অধরা থেকে গেল নেদারল্যান্ডসের। শক্তিশালী দলটির বিপক্ষে জয়ের আশা জাগিয়েও শ্বাসরুদ্ধকর ম্যাচে ছয় রানে হারলো নেদারল্যান্ডস। প্রোটিয়াদের দেওয়া ১৪৬ রানের লক্ষ্যে ব্যাট করে আট বল বাকি থাকতেই ১৩৯ রানে অলআউট ডাচরা।

বৃহস্পতিবার চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে দুর্দান্ত বোলিংয়ের পর ব্যাটিংয়েও অসাধারণ শুরু করে নেদারল্যান্ডস। উদ্বোধনী জুটিতে মাত্র ৫.৫ ওভারেই ৫৮ রান তুলে নেন স্টেফেন মাইবার্গ ও মাইকেল সোয়ার্ট। এরপর ৮ রান করে সাজঘরে ফেরেন সোয়ার্ট। তবে একপ্রান্তে ব্যাটিং ঝড় তোলেন মাইবার্গ। তবে দলীয় ৮০ রানে ২৮ বলে ৫১ রান করে জেপি ডুমিনির শিকার হন মাইবার্গ। তখন জয়ের জন্য ৭৩ বলে ৬৬ রান লাগে ডাচদের। হাতে ৮ উইকেট। তবে মাইবার্গ আউট হওয়ার পর ছন্দ পতন ঘটে ডাচদের ব্যাটিং লাইনআপে। নিয়মিত বিরতিতে একের পর উইকেট হারায় তারা।

শেষ দিকে জয়ের জন্য ১৫ বলে দরকার ১২ রান। হাতে ২ উইকেট। তবে ছক্কা হাঁকাতে গিয়ে ক্যাচ আউট হয়ে সাজঘরে ফেরেন মোদাচ্ছের বোখারী। সেই সাথে জয়ের স্বপ্নও শেষ হয়ে যায় ডাচদের। ১৯তম ওভারের চতুর্থ বলে শেষ ব্যাটসম্যান হিসেবে গাগটেন আউট হলে ১৩৯ রানেই গুটিয়ে যায় ডাচদের ইনিংস। আর বড় এক অঘটনের হাত থেকে বেঁচে ৬ রানের স্বস্তির জয় পায় প্রোটিয়ারা।

এর আগে টস হেরে ব্যাট করতে নেমে ডাচদের বোলিং তোপে নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেটে ১৪৫ রান তোলে দক্ষিণ আফ্রিকা। হাশিম আমলা ছাড়া আর কেউই প্রত্যাশিত ইনিংস খেলতে পারেনি। ২২ বলে ৭টি চার ও ১ ছক্কায় ৪৩ রান করেন আমলা। এছাড়া ১৪ বলে ২৪ রান করেন অধিনায়ক ফাফ ডু প্লেসিস। নেদারল্যান্ডসের পক্ষে ১৯ রানে ৫ উইকেট নেন আহসান মালিক। যা টি-টোয়েন্টি বিশ্বকাপে উইকেট শিকারের দিক থেকে তৃতীয় সর্বোচ্চ বোলিং ফিগার।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/9715/জয়ের-আশা-জাগিয়েও-ডাচদের-হার.

## বিশ্বকাপে স্টেডিয়ামে ‘নো ফ্লাই জোন’

৩০ মার্চ ২০১৪, ১১পূর্বাহ্ন ৪০:

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ২০১৪ ফিফা ফুটবল বিশ্বকাপে স্টেডিয়ামগুলোতে 'নো ফ্লাই জোন' ঘোষণা করা হবে বলে জানিয়েছে ব্রাজিলিয়ান এয়ারফোর্স। মূলত সন্ত্রাসী আক্রমণ আটকাতে এই সিদ্ধান্ত। তবে এ জন্য কিছু আইন পরিবর্তনের প্রয়োজন হবে বলে জানিয়েছে তারা।

আইন অনুযায়ী, খেলা শুরু হওয়ার এক ঘন্টা আগে থেকে স্টেডিয়ামের উপর দিয়ে বিমান যাওয়া নিষেধ থাকবে। খেলা শেষ হওয়ার চার-পাঁচ ঘন্টা পর্যন্ত এই নিয়ম বহাল থাকবে। ব্রাজিলের সেনাবাহিনী কেবল সীমান্তের কাছে কোনো সন্দেহভাজন বিমান দেখলে সেটাকে গুলি করে ভূপাতিত করতে পারবে। তবে কোনো ঘনবসতিপূর্ণ এলাকায় সেটা করা যাবে না।

এয়ারফোর্স ব্রিগেডিয়ার আন্তোনিও কার্লোস এজিতো জানান, "ব্রাজিলের আকাশের নিরাপত্তা নিশ্চিত করতে এই গুলি করা আইন পরিবর্তনের জন্য সরকারের কাছে আহ্বান জানিয়েছে সেনাবাহিনী।"

এজিতো বলেন, "একইসময় স্টেডিয়ামের আশেপাশে অ্যান্টি-এয়ারক্রাফট বন্দুক মোতায়েন থাকবে, তবে এগুলো নো-ফ্লাই জোনে চলাচলকারী কোন বিমানে গুলি করবে না।

নিরাপত্তার খাতিরে স্টেডিয়ামের ৭.২ কিলোমিটারের মধ্যে যেসব বিমানবন্দর রয়েছে, সেখানে বাণিজ্যিক বিমান অবতরণ করতে পারবে না বলে জানিয়েছে দিয়েছে এয়ার ফোর্স অ্যান্ড সিভিলিয়ান এভিয়েশন রেগুলেটর এএনএসি।

তবে দেশের আন্তর্জাতিক বিমানবন্দরগুলো এর আওতামুক্ত থাকবে। বেশিরভাগ নিষেধাজ্ঞা থাকবে রিও ডি জানেইরোর অভ্যন্তরীণ বিমানবন্দর সান্তোস ডুমন্টে।

এর ফলে বিপাকে পড়বেন ম্যাচের দর্শকরা, যারা এরই মধ্যে ঐ বিমানবন্দরে অবতরণকারী বিমানগুলোর ৩,০০০ আসন সংরক্ষণ করেছেন। ঐ বিমানগুলো বাতিল করা হবে বলে জানিয়েছে এএনসি।

বিশ্বকাপ চলাকালীন বিশ্বের অন্তত ৬ লাখ ফুটবল ভক্ত ব্রাজিলে যাবেন বলে আশা করা হচ্ছে। এছাড়া অন্তত ৩০ লাখ ব্রাজিলিয়ান এক শহর থেকে অন্য শহরে ম্যাচ দেখতে যাবেন।

এদিকে, ব্রাজিলে এরই মধ্যে প্রচুর পর্যটক যেতে শুরু করেছে। ফলে বেড়েছে বিমানের সংখ্যা। ভিড় বেড়েছে বিমানবন্দরে। ল্যাটিন অ্যামেরিকার সর্ববৃহ� এয়ারলাইন্সগুলি হুঁশিয়ারি করে দিয়েছে, এই ভিড়ের কারণে কিছু দর্শক ম্যাচ দেখা থেকে বঞ্চিত হতে পারেন।

লাটাম এয়ারলাইন্সের প্রধান নির্বাহী এনরিক সুয়েত্তো বলেছেন, "আমি জানি না বিশ্বকাপে কে জিতবে, তবে এটা বলতে পারি বিশ্বকাপে হারবে আমাদের এয়ারলাইন্স। বিমানবন্দরে অতিরিক্ত বিমানের কারণে অনেক বিমানকে দীর্ঘ সময় অপেক্ষা করতে হচ্ছে অবতরণের জন্য। কোনো কোনো বিমান ৩০০ কিলোমিটার দূরে গিয়ে অন্য শহরে অবতরণ করতে বাধ্য হচ্ছে।"

উল্লেখ্য, ১২ই জুন থেকে ১৩ই জুলাই পর্যন্ত বিশ্বকাপে মোট ৬৪টি ম্যাচ অনুষ্ঠিত হবে ব্রাজিলের ১২টি স্টেডিয়ামে।

ব্রেকিংনিউজ/এএইচপি

**http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/9868/বিশ্বকাপে-স্টেডিয়ামে-‘নো-ফ্লাই-জোন’.**

### নাদালকে হারিয়ে চ্যাম্পিয়ন জোকোভিচ

৩১ মার্চ ২০১৪, ১১পূর্বাহ্ন ৩৯:

খেলাধুলা ডেস্ক

ঢাকা: বিশ্বের এক নাম্বার টেনিস তারকা রাফায়েল নাদালকে হারিয়ে দিলেন নোভাক জোকোভিচ। মিয়ামিতে সনি ওপেনের ফাইনালে স্প্যানিশ তারকা নাদালকে ৬-৩, ৬-৩ গেমে হারিয়ে শিরোপা জিতলেন তিনি। সেই সাথে এই টুর্নামেন্টে চতুর্থ বার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করলেন এই সার্বিয়ান তারকা।

রবিবার খেলার প্রথম থেকেই নাদালের বিপক্ষে প্রাধান্য বিস্তার করেন জোকোভিচ। প্রথম সেটে এক বার নাদালের সার্ভিস ভাঙেন বিশ্বের দুই নাম্বার তারকা। দ্বিতীয় সেটে জোকোভিচ দু’বার সার্ভিস ভাঙেন নাদালের।

ইন্ডিয়ান ওয়েলস জেতার পর মায়ামিতেও শিরোপা জিতলেন জোকোভিচ। এবার নিয়ে চল্লিশবার মুখোমুখি হলেন জোকোভিচ ও নাদাল।

তবে মিয়ামিতে নাদাল হেরে গেলেও, প্রতিশোধ নেয়ার সুযোগ একটা পাচ্ছেনই। ইউরোপে ক্লে কোর্টে ফের নামবেন নাদাল। জোকোভিচও সেখানে নামবেন।

শিরোপা জেতার পর জোকোভিচ বলেন, "এই টুর্নামেন্টটা শুরু থেকে শেষ পর্যন্ত চমৎকার ছিল। ম্যাচগুলো আমি খুবই ভালো খেলেছি। যার চূড়ান্ত ফল এই শিরোপা জয়।"

তবে এই হারে হতাশার কিছু নেই বলে জানান ২৭ বয়সী নাদাল।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/9950/নাদালকে-হারিয়ে-চ্যাম্পিয়ন-জোকোভিচ.

### জয় দিয়ে শুরু, হার দিয়ে শেষ

০১ এপ্রিল ২০১৪, ৭:০৮ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: হলো না। শেষ ম্যাচে সান্ত্বনার জয়টাও পাওয়া হলো না বাংলাদেশের। আরেকটি প্রতিরোধহীন হার দিয়ে ঘরের মাঠে টি-টোয়েন্টি বিশ্বকাপ শেষ হলো টাইগারদের। মূল পর্বে নিজেদের শেষ ম্যাচে অস্ট্রেলিয়ার বিপক্ষে সাত উইকেটে হারলো বাংলাদেশ। যদিও প্রথম রাউন্ডে আফগানিস্তানের বিপক্ষে জয় দিয়েই বিশ্বকাপ মিশন শুরু করেছিলো টাইগাররা।

বাংলাদেশের দেওয়া ১৫৪ রানের লক্ষ্যে ব্যাট করে ১৫ বল বাকি থাকতেই সাত উইকেটের জয় তুলে নেয় অস্ট্রেলিয়া।

বাংলাদেশের বেঁধে দেওয়া লক্ষ্যে ব্যাট করতে নেমে উদ্বোধনী জুতিতেই ৯৮ রান তোলেন ডেভিড ওয়ার্নার ও অ্যারন ফিঞ্চ। তবে ১২তম ওভারের চতুর্থ বলে ফিঞ্চকে সোহাগ গাজী কট আউট করলেও আম্পায়ার কুমার ধর্মসিনা তাতে সাড়া দেননি। ফিঞ্চের তখন ব্যক্তিগত ৪৭ রান। সেসময় ফিঞ্চ আউট হলে হয়তোবা ম্যাচ অন্যদিকেও মোড় নিতে পারতো! পরবর্তীতে আল-আমিনের বলে অসাধারণ একটি ক্যাচ নিয়ে ফিঞ্চকে ব্যক্তিগত ৭১ রানে সাজঘরে ফেরান নাসির হোসেন। তবে ততক্ষণে জয়ের সুবাস পেতে শুরু করে অসিরা।

তবে একটু হলেও আশা পূর্ণ হয়েছে বাংলাদেশের অভিষিক্ত তাসকিন আহমেদের। খেলার আগের দিন তাসকিন মজা করে সাংবাদিকদের বলেছিলেন, অস্ট্রেলিয়ার বিপক্ষে তাকে দলে নিলে ওয়ার্নার আর ম্যাক্সওয়েলকে আউট করবেন। ওয়ার্নারকে না পারলেও ম্যাক্সওয়েলকে নিজের আন্তর্জাতিক ক্যারিয়ারের প্রথম শিকারে পরিণত করেন তাসকিন। নিজের চতুর্থ ওভারে ম্যাক্সওয়েলকে বোল্ড করেন তিনি। ৪ ওভার বল করে ২৪ রান দিয়ে নেন ১ উইকেট। আর আম্পায়ারের 'কল্যাণে' অস্ট্রেলিয়ার জয়ের নায়ক ফিঞ্চ। বাংলাদেশের পক্ষে আল-আমিন নেন সর্বোচ্চ ২ উইকেট।

এর আগে মঙ্গলবার মিরপুর শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে আগে ব্যাট করে বংলাদেশ। নির্ধারিত ২০ ওভারে পাঁচ উইকেট হারিয়ে ১৫৩ সংগ্রহ করে টাইগাররা। দলের পক্ষে এই টুর্নামেন্টে প্রথম ফিফটি করা সাকিব আল হাসানের ব্যাট থেকে আসে সর্বোচ্চ ৬৬ রান। ৫২ বলে ৬৬ রানের একটি ঝকঝকে ইনিংস খেলেন এই বিশ্বসেরা অলরাউন্ডার। সাকিবের এই ইনিংসে ছিলো ৫টি চার ও ৩টি ছক্কার মার। মুশফিকুর রহিম করেন ৪৭ রান। ৩৬ বলের এই ইনিংসে ৫টি চার ও ১টি বিশাল ছক্কা হাঁকান মুশফিক।

দলীয় ১২ রানের মধ্যে দুই উদ্বোধনী ব্যাটসম্যানের উইকেট হারালেও তৃতীয় উইকেটে সাকিব ও মুশফিক মিলে যোগ করেন ১১২ রান। যা টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের সর্বোচ্চ রানের রেকর্ড জুটি। এর আগে এই রেকর্ডটি মোহাম্মাদ আশরাফুল ও আফতাব আহমেদের দখলে ছিলো। ২০০৭ বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ১০৯ রানের জুটি গড়েছিলেন এই দুই ব্যাটসম্যান। এবং ওটাও ছিলো তৃতীয় উইকেট জুটিতে।

ব্রেকিংনিউজ/ এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10091/জয়-দিয়ে-শুরু,-হার-দিয়ে-শেষ.

**বার্সেলোনার মান বাঁচানো ড্র**

০২ এপ্রিল ২০১৪, ১১:২৭ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালে মঙ্গলবারের রাত বার্সেলোনার জন্য দুঃস্বপ্নের রাত হতেও পারতো। তবে ঘরের মাঠে শেষ পর্যন্ত নেইমারের গোলে আতলেতিকো মাদ্রিদের বিপক্ষে ১-১ গোলের ড্র'তে মান বাঁচালো বার্সেলোনা।

ক্যাম্প ন্যু-তে দলের প্রধান তারকা দিয়েগো কস্তা অনিশ্চিত থাকলেও শেষ পর্যন্ত তাকে নিয়েই বার্সার বিপক্ষে খেলতে নামে আতলেতিকো। মাচ শুরুর পাঁচ মিনিটের মাথায় দারুণ সুযোগও পেয়েছিলেন আতলেতিকোর ডেভিড ভিয়া। কিন্তু ভিয়ার শট দুর্দান্ত সেভ করেন বার্সার গোলরক্ষক ম্যানুয়েল পিন্টো। মিনিটখানেক পরেই বার্সাকে এগিয়ে দেওয়ার সুযোগ হাতছাড়া করেন লিওনেল মেসি। এছাড়া দ্বাদশ মিনিটে বড় একটা ধাক্কা খায় বার্সেলোনা। চোট পেয়ে মাঠ ছাড়তে হয় তাদের ডিফেন্ডার জেরার্ড পিকেকে।

খেলার ২৪ মিনিটের মাথায় দলকে এগিয়ে দেওয়ার সুযোগ আসে নেইমারের সামনে। তবে এই ব্রাজিলিয়ান স্ট্রাইকারের দুর্বল হেড আটকাতে বেগ পেতে হয়নি আতলেতিকোর গোলরক্ষককে। প্রথমার্ধের শেষ মিনিটে সুযোগ পেয়েছিল আতলেতিকোও। কিন্তু ডি বক্সের মাঝ থেকে ভিয়ার শটটি ঠেকিয়ে দেন স্বাগতিক গোলরক্ষক পিন্টো। ফলে গোল শূন্যতেই শেষ হয় প্রথমার্ধের খেলা।

দ্বিতীয়ার্ধে বল দখলে আরো মনোযোগী হয়ে ওঠে বার্সার খেলোয়াড়রা। তবে ৫৬ মিনিটে একটি দর্শনীয় গোল করে আতলেতিকোকে এগিয়ে দেন দিয়েগো রিবাস। ৩০ গজ দূর থেকে দুর্দান্ত এক শটে প্রতিপক্ষের গোলপোস্টের উপরের ডান কোণা দিয়ে বল জালে জড়ান ব্রাজিলের এই মিডফিল্ডার।

ঘরের মাঠে হার বাঁচাতে মরিয়া হয়ে ওঠেন মেসি-ইনিয়েস্তারা। ৬৩ মিনিটে গোল পরিশোধের একটি সুযোগও পায় স্বাগতিকরা। কিন্তু ব্যর্থ হন মিডফিল্ডার স্যার্হিও বুসকেত। তবে শেষ পর্যন্ত ৭১ মিনিটে ইনিয়েস্তার বাড়ানো বলে গোল করে সমতা ফেরান নেইমার।

চলতি মৌসুমে এই দু'টি দলের আগের তিনটি লড়াইয়েও জিততে পারেনি কেউ। তবে ঘরের মাঠে ড্র করায় ৯ এপ্রিল ফিরতি লিগে চাপেই থাকবে বার্সেলোনা।

এদিকে, চ্যাম্পিয়ন্স লিগের শেষ আটের অন্য ম্যাচে ওল্ড ট্র্যাফোর্ডে ম্যানচেস্টার ইউনাইটেড ও বায়ার্ন মিউনিখের মধ্যে ম্যাচটিও ১-১ গোলে ড্র হয়েছে।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: স্কাই স্পোর্টস

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10115/বার্সেলোনার-মান-বাঁচানো-ড্র.

**টপ অর্ডারকে দায়ী করলেন আফ্রিদি**

০৩ এপ্রিল ২০১৪, ৫:০৭ অপরাহ্ণ

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ১৬৭ রানের লক্ষ্যে ব্যাটিংয়ে নেমে দলীয় মাত্র নয় রানের মধ্যেই তিন ব্যাটসম্যান সাজঘরে। ব্যাটিংয়ে নেমে এমন 'অন্ধকার কূপে' পড়ে গিয়ে আবার উঠে আসাটা একটু কঠিনই বটে! শেষ পর্যন্ত হলোও তাই। দল অলআউট মাত্র ৮২ রানে। টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বের শেষ ম্যাচে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে এমন বাজে ব্যাটিংয়ে হেরেই বিশ্বকাপ থেকে বিদায় নিতে হয়েছে পাকিস্তানকে। এমন অসহায়ের মতো হারার জন্য দলের টপ অর্ডার ব্যাটসম্যানদেরকেই দায়ী করলেন শহীদ আফ্রিদির মতো দলের সিনিয়র খেলোয়াড়।

বিশ্বকাপ থেকে বিদায় নেওয়ার পর কেটে গেছে দু'দিন। ম্যানেজার বাদে বাকি সকলেই এখন ফিরে গেছেন দেশে। কিন্তু সেমিফাইনালে উঠতে না পারার শোক যেন কিছুতেই কাটছে না পাক ক্রিকেটারদের। ম্যাচ হারার পিছনে একে অপরকে দোষারোপ করতে ছাড়ছেন না ক্রিকেটাররা। এই দোষারোপের দলে বর্তমান ক্রিকেটারদের পাশাপাশি রয়েছেন সাবেক ক্রিকেটাররাও। বর্তমানে দলে চান্স না পাওয়া ক্রিকেটার আব্দুর রাজ্জাক তো অধিনায়ক হাফিজকেই দায়ী করে বসেছেন।

তবে দলের এমন পরাজয়ের জন্য টপ অর্ডার ব্যাটসম্যানদেরকেই দুষছেন আফ্রিদি। তিনি মনে করেন, ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ম্যাচ হারার পিছনে দলের টপ অর্ডার ব্যাটসম্যানদের নেতিবাচক ব্যাটিং-ই সবচেয়ে বেশি দায়ী।

দেশে ফিরে আফ্রিদি বলেন, "টার্গেট একেবারেই কঠিন ছিল না। আমরা হেরেছি কারণ, দলের টপ অর্ডার ব্যাটসম্যানদের প্রথম ছয় ওভারে নেগেটিভ মাইন্ডসেটের জন্যই। প্রথম ৬ ওভারের পরেই আমাদের হাত থেকে ম্যাচ বেরিয়ে যায়।"

ওয়েস্ট ইন্ডিজের ব্যাটসম্যানরা যেমন শেষ পাঁচ ওভারে দুর্দান্ত ব্যাটিং করেছেন। রান তাড়া করতে নেমে ততোটাই খারাপ ব্যাটিং করেছেন পাকিস্তানিরা। টপ অর্ডারদের বাজে ব্যাটিং-ই এর পিছনে প্রধান কারণ বলে মনে করেন আফ্রিদি।

গত এশিয়া কাপের ফাইনালে ও টি-টোয়েন্টি বিশ্বকাপে খারাপ পারফরম্যান্সের জন্য আগামী দিনে পাকিস্তান দলে বেশ কিছু পরিবর্তন হওয়ার আশঙ্কা রয়েছে। টি-টোয়েন্টি দলের অধিনায়ক পদেও হাফিজকে সরিয়ে আফ্রিদিকে আনার বিষয়টি পিসিবি-র চিন্তাভাবনায় রয়েছে বলে গুঞ্জন উঠেছে। বিশ্বকাপের প্রথম ম্যাচে ভারতের বিপক্ষে হারার পর অবশ্য এমন দাবিও তুলেছিলেন পাকিস্তানের সাবেক ক্রিকেটাররা। এ ব্যাপারে আফ্রিদি বলেন, "আমি দলের স্বার্থে যেকোনো চ্যালেঞ্জ নিতে এখন তৈরি আছি। প্লেয়ার হিসেবে হোক কিংবা ক্যাপ্টেন, কোনো কিছুতেই সমস্যা নেই আমার। তবে দলের উন্নতি সবচেয়ে বেশি প্রয়োজন।"

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10231/টপ-অর্ডারকে-দায়ী-করলেন-আফ্রিদি.

**বরুসিয়াকে হারিয়ে রিয়ালের প্রতিশোধ**

০৩ এপ্রিল ২০১৪, ১১:২৯ পূর্বাহ্ণ

খেলাধুলা ডেস্ক

ঢাকা: চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম লেগে বরুসিয়া ডর্টমুন্ডকে ৩-০ গোলে উড়িয়ে দিয়ে গতবারের হারের প্রতিশোধ নিল রিয়াল মাদ্রিদ।

চ্যাম্পিয়ন্স লিগের গত মৌসুমে সেমিফাইনালের প্রথম লেগে বরুসিয়ার মাঠে ৪-১ গোলে হেরেছিলো রিয়াল। ফিরতি লেগে নিজেদের মাঠে ২-০ গোলে রিয়াল জিতলেও দুই লেগে মিলে এগিয়ে থেকে ফাইনালে ওঠে বরুসিয়া। সেই সঙ্গে লিগ ফাইনালের স্বপ্ন ধূলিসা� হয়ে যায় রিয়ালের। এবারের জয়ে তাই কিছুটা প্রতিশোধ নেয়া হলো রিয়ালের। যদিও কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগের খেলা এখনো বাকি।

বুধবার রাতে নিজ মাঠ সান্তিয়াগো বার্নাবেউয়ে খেলার শুরু থেকেই দুর্দান্ত খেলে রিয়াল। ম্যাচ শুরু তিন মিনিটের মধ্যেই গ্যারেথ বেলের গোলে মানসিকভাবেই পিছিয়ে পড়ে বরুসিয়া। ডান কোণা দিয়ে করিম বেনজেমার পাস ধরে ডিফেন্ডার দানিয়েল করভাহাল বল বাড়ান ডি বক্সে ঢুঁকে পড়া বেলকে। আর তাতেই প্রতিপক্ষের জালে প্রথম বল জড়িয়ে দেন বেল।

প্রথমার্ধেই রিয়ালের অবস্থান আরো শক্ত করে দেন ইসকো। খেলার ২৭ মিনিটে ডি বক্সের বাইরে থেকে বল ধরে ডান পায়ের টোকায় বল নিয়ে ঘুরেই চলতি বলে শট নেন তিনি। বক্সের কোনা ঘেঁষে ইসকোর শট চলে যায় প্রতিপক্ষের জালে।

দ্বিতীয়ার্ধের শুরুতে ব্যবধান কমানোর সুযোগ এসেছিলো বরুসিয়ার সামনে। কিন্তু তা কাজে লাগাতে পারেননি সফরকারী দলটি। তবে এর আট মিনিট পরই মিডফিল্ডার মদ্রিচের বাড়ানো বল থেকে গোল করেন ক্রিস্টিয়ানো রোনালদো। এই গোলের মাধ্যমে চ্যাম্পিয়ন্স লিগের এক মৌসুমে সর্বোচ্চ ১৪ গোলের লিওনেল মেসির রেকর্ডও স্পর্শ করেন এই পর্তুগিজ তারকা। ২০১১-১২ মৌসুমে রেকর্ডটি গড়েছিলেন মেসি।

খেলতে সমস্যা হওয়ায় ৮০ মিনিটে রোনালদোকে তুলে নেন কোচ। তার আগেই তুলে নিয়েছিলেন বেনজামাকে। যদিও এতে বিশেষ কোনো হের ফের হয়নি রিয়ালের। দ্বিতীয়ার্ধের অনেকটা সময় বল নিজেদের দখলে রেখেও রিয়ালকে সমস্যায় ফেলতে পারেনি বরুসিয়া ডর্টমুন্ড। ফলে ৩-০ গোলের বড় জয় নিয়েই মাঠ ছাড়ে স্বাগতিকরা।

এদিকে কোয়ার্টার ফাইনালের অন্য ম্যাচে চেলসিকে ৩-১ গোলে বিধ্বস্ত করেছে পিএসজি। পিএসজির পক্ষে গোল করেন জেকুই এল লাভেজ্জি, ডেভিড লুইজ ও জাভিয়ের পাস্তরে। আর চেলসির পক্ষে একমাত্র গোলটি করেছেন ইডেন হ্যাজার্ড।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: স্কাই স্পোর্টস

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10190/বরুসিয়াকে-হারিয়ে-রিয়ালের-প্রতিশোধ.

**বিশ্বকাপের আড়ালে শিশু পতিতাবৃত্তি!**

০৪ এপ্রিল ২০১৪, ১২:১৬ অপরাহ্ণ

আন্তর্জাতিক ডেস্ক

ঢাকা: আগামী জুনে ব্রাজিলে শুরু হতে যাচ্ছে ফিফা ফুটবল বিশ্বকাপের ২০তম আসর। বিশ্বকাপকে সামনে রেখে বর্ণিল সাজে সাজানো হয়েছে ব্রাজিলের শহরগুলোকে। তবে এ চাকচিক্যের আড়ালে ব্রাজিলে শিশু পতিতাবৃত্তিও বেড়েছে উদ্বেগজনক হারে।

সংবাদ সংস্থা সিএনএন এক প্রতিবেদনে বিষয়টি নিশ্চিত করেছে।

ব্রাজিলে সাধারণত ১৮ বছর বা তার বেশী বয়সী মেয়েদের জন্য পতিতাবৃত্তি আইনসিদ্ধ। কিন্তু সেখানে ক্রমেই বেড়ে যাচ্ছে ১৮ বছরের কম বয়সী মেয়েদের পতিতাবৃত্তি। কম বয়সী এসব মেয়েদের পতিতাবৃত্তিতে আনার পেছনে স্থানীয় বড় বড় হোটেলগুলোকে দায়ী করা হচ্ছে।

এদিকে ফুটবল বিশ্বকাপের সময় ব্রাজিলে অন্তত ৬ লক্ষ বিদেশি পর্যটকের সমাগম ঘটবে বলে আশা প্রকাশ করেছে ব্রাজিল সরকার। এছাড়া অন্তত ৩ লক্ষ ব্রাজিলীয় বিশ্বকাপের সময় ব্রাজিলের বিভিন্ন শহর ঘুরে বেড়াবেন। বিশ্বকাপের সময় পর্যটকদের চাহিদার কথা বিবেচনায় রেখে হোটেলগুলো তুলনামূলক কম বয়সী মেয়েদের পতিতাবৃত্তির জন্য অগ্রহী করে তুলছে বলে জানায় সিএনএন।

হোটেল ছাড়াও ব্রাজিলে ভাসমান পতিতার সংখ্যা অসংখ্য। স্টেডিয়াম এলাকা বা বাসস্ট্যান্ডের মতো জায়গাগুলোও তাদের অবাধ বিচরণ ক্ষেত্রে পরিণত হয়েছে।

পেকুইনো নাজারেনো নামের ১৭ বছর বয়সী এক পতিতা বলেন, "আমরা বড়দের মত স্বাধীনভাবে রাস্তায় বের হয়ে খদ্দের ধরতে পারিনা। আমরা সাধারণত লুকিয়ে লুকিয়ে তাদের দৃষ্টি আকর্ষণ করে থাকি।"

তবে অপ্রাপ্ত বয়স্কদের পতিতাবৃত্তিতে আসার পেছনে ব্রাজিলের বর্তমান অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থাও অনেক অনেকাংশে দায়ী। দারিদ্রতার জন্য অনেক বাবা-মা তাদের অপ্রাপ্তবয়স্ক মেয়েদের পতিতাবৃত্তির দিকে ঠেলে দেন।

অ্যান্তোনিয় লিমা নামে ব্রাজিলের একজন আইনজীবী বলেন, "এসব মেয়েরা মূলত চরম দরিদ্র্য পরিবার থেকে আসে। অথবা সমাজ তাদের আলাদা করে রাখার কারণে বেঁচে থাকার তাগিদে তারা পতিতাবৃত্তির পেশা বেছে নেয়।"

উল্লেখ্য, ব্রাজিলের 'ন্যাশনাল ফোরাম ফর দ্যা প্রিভেনশন অব চাইল্ড লেবার'-এর মতে, ২০১৩ সালে ব্রাজিলে শিশু পতিতার সংখ্যা ছিলো অন্তত ৭ লাখ। তবে বিশ্বকাপের সময় ঘনিয়ে আশার কারণে এর পরিমান অন্তত ১ মিলিয়ন বা তারও বেশিতে দাঁড়িয়েছে।

ব্রেকিংনিউজ/কেএইচ/এএইচপি

সূত্র: সিএনএন

http://breakingnews.com.bd/articles/আন্তর্জাতিক/10257/বিশ্বকাপের-আড়ালে-শিশু-পতিতাবৃত্তি!.

**ফাইনালে শ্রীলঙ্কা, দুর্ভাগ্য ওয়েস্ট ইন্ডিজের**

০৪ এপ্রিল ২০১৪, ১১:২৩ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ৩৭ বলে জয়ের জন্য প্রয়োজন ৮১ রান। হাতে ছয় উইকেট। টি-টোয়েন্টির সমীকরণে হয়তো সম্ভব। আবার কিছুটা অসম্ভবও বটে। তবে এতো হিসাব কষে আর কোনো লাভ নেই। কারণ, ঝড় আর শিলা বৃষ্টি এসে লণ্ডভণ্ড করে দিয়েছে সব হিসাব-নিকাশের খাতা। হ্যাঁ, এভাবেই বৃষ্টি এসে ম্লান করে দিয়েছে ওয়েস্ট ইন্ডিজের ফাইনালে ওঠার স্বপ্ন। সেই সাথে টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে ডাকওয়ার্থ-লুইস পদ্ধতিতে ওয়েস্ট ইন্ডিজকে ২৭ রানে হারিয়ে ফাইনালে উঠেছে শ্রীলঙ্কা। আর দুর্ভাগ্যের বৃষ্টিতে ভেসে গেছে গতবারের চ্যাম্পিয়ন, গ্যাংনাম থ্যাত ওয়েস্ট ইন্ডিজ।

বৃহস্পতিবার মিরপুর শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে আগে ব্যাট করে ১৬০ রান সংগ্রহ করে শ্রীলঙ্কা। জবাবে ১৩.৫ ওভারে চার উইকেটে ৮০ রান তুলতেই ক্যারিবীয় ইনিংসে হানা দেয় ঝড় আর শিলা বৃষ্টি। বৃষ্টির সুবাদে ম্যাচে আর কোনো লড়াই করতেই হয়নি লঙ্কানদের। ডাকওয়ার্থ-লুইস পদ্ধতিতে উঠে যায় ফাইনালে।

লঙ্কানদের দেওয়া ১৬১ রানের লক্ষ্যে খেলতে নেমে শুরুটা দুর্দান্তই হয়েছিলো ক্যারিবীয়দের। প্রথম ওভারেই বিনা উইকেটে তুলে নেয় ১৭ রান। তবে পরবর্তী ১৭ রান তুলতে তারা খরচ করে ৩৬ বল। সেই সাথে খোয়ায় তিন টপ অর্ডার ব্যাটসম্যানের উইকেট। যাকে নিয়ে এতো জল্পনা সেই ক্রিস গেইলও যোগ দেন সেই উইকেট মিছিলে। করেন মাত্র ৩ রান। একই ওভারে গেইল ও ডোয়াইন স্মিথকে বোল্ড করে সাজঘরের পথে দেখান লাসিথ মালিঙ্গা। তবে চতুর্থ উইকেটে ৪৩ রানের জুটি গড়েন মারলন স্যামিউলস ও ডোয়াইন ব্রাভো।

১৩.২ ওভারে দলীয় ৭৭ রানে নুয়ান কুলাসেকারার বলে ক্যাচ দিয়ে সাজঘরে ফেরেন ব্রাভো। ব্যাটিংয়ে নামেন অধিনায়ক ড্যারেন স্যামি। তবে ওই ওভারের পঞ্চম বলেই ঝড় ওঠে মিরপুরে। এর একটু পরেই শুরু হয় শিলা বৃষ্টি। সেই সাথে বৃষ্টি ভেসে নিয়ে যায় ক্যারিবীয়দের ফাইনালের স্বপ্ন। ২ ওভারে ৩ রান দিয়ে ২ উইকেট তুলে নেন লাসিথ মালিঙ্গা।

এর আগে টস জিতে ব্যাটিংয়ে নেমে লঙ্কানরাও শুরুটা দুর্দান্তই করেছিলো। উদ্বোধনী জুটিতে ৪ ওভারে ৪১ রান তোলেন কুশল পেরেরা ও তিলেকরত্নে দিলশান। তবে এর পরের ৮ রান তুলতে হারায় ৩ উইকেট। দুর্ভাগ্যজনক ভাবে রান আউট হন মাহেলা জয়াবর্ধনে। কুমার সাঙ্গাকারা করেন মাত্র ১ রান। ৩৯ রান করে দলীয় ৯১ রানে দলের দ্বিতীয় রান আউটের শিকার দিলশান। শেষ পর্যন্ত অ্যাঞ্জেলো ম্যাথুস ও লাহিরু থিরিমান্নের ব্যাটে ভর করে ছয় উইকেটে ১৬০ রান সংগ্রহ করে লংকানরা। দলের পক্ষে সর্বোচ্চ ৪৪ রান আসে থিরিমান্নের ব্যাট থেকে। এছাড়া ৪০ রান করেন ম্যাথুস। ওয়েস্ট ইন্ডিজের পক্ষে সর্বোচ্চ ২ উইকেট নেন ক্রিসমার সান্তোকি।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10245/ফাইনালে-শ্রীলঙ্কা,-দুর্ভাগ্য-ওয়েস্ট-ইন্ডিজের.

**‘শতাব্দীর সেরা বল’**

০৫ এপ্রিল ২০১৪, ২:১৩ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ক্রিকেট মাঠের ২২ গজে মাঝে মাঝে স্পিনারদের দুই একটা বল দেখলে চোখ জুড়িয়ে যায় দর্শকদের। আর সেই বলে যদি উইকেট পড়ে তাহলে তো এক কথায় অসাধারণ। হ্যাঁ, টি-টোয়েন্টি বিশ্বকাপের সেমিফাইনালে এমনই এক অসাধারণ বলে দক্ষিণ আফ্রিকার হাশিম আমলাকে বোল্ড করেন ভারতের স্পিনার রবিচন্দ্রন অশ্বিন। যে বলটিকে শতাব্দীর সেরা টি-টোয়েন্টি বল বলে আখ্যায়িত করলেন অস্ট্রেলিয়ার সাবেক হার্ড হিটার ব্যাটসম্যান অ্যাডাম গিলক্রিস্ট।

শুক্রবার মিরপুরে দ্বিতীয় সেমিফাইনালে টস জিতে আগে ব্যাটিং করে দক্ষিণ আফ্রিকা। খেলার ষষ্ঠ ওভার প্রথম বলে আমলাকে বোল্ড করেন অশ্বিন। ক্রিকেটে যেটাকে বলা হয় 'ক্যারাম বল'| বলটি পিচের বাম পাশে পড়ে ঘুরে গিয়ে উপড়ে দেয় আমলার অফ স্ট্যাম্প। এমন বল দেখে হতচকিত হয়ে যান আমলা নিজেও। গিলক্রিস্টের চোখে এটা টি-টোয়েন্টির যেকোনো সময়ের সেরা একটি বল।

ম্যাচে ব্যাটিংয়েও দুর্দান্ত খেলেছে ভারত। যার ফলেই প্রোটিয়াদের দেওয়া ১৭৩ রানের লক্ষ্যে ব্যাট করে পাঁচ বল বাকি রেখেই ৬ উইকেটের দাপুটে জয়ে ফাইনালে ওঠে মহেন্দ্র সিং ধোনির দল। ৪৪ বলে ৭২ রানের দুর্দান্ত একটি ইনিংসে খেলে ভারতের জয়ের নায়ক বিরাট কোহলি।

রবিবার ফাইনালে মিরপুর শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে গত আসরের ফাইনালিস্ট শ্রীলঙ্কার মুখোমুখি হবে বিশ্বকাপের প্রথম আসরের চ্যাম্পিয়ন ভারত।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10353/‘শতাব্দীর-সেরা-বল’.

**বুস্কেটসকে থাপ্পড় মারবেন ক্যাসিয়াস!**

০৫ এপ্রিল ২০১৪, ৪:১৩ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: স্পেনের জাতীয় দলের খেলোয়াড় সার্জিও বুস্কেটসের সঙ্গে দেখা হলে তাকে ছাড়বেন না ইকার ক্যাসিয়াস। সামনে পেলে বুস্কেটসকে থাপ্পর মারবেন ইউরো ও বিশ্বকাপ জয়ী স্পেনের অধিনায়ক ক্যাসিয়াস।

এক প্রমোশনাল ইভেন্টে এসে ক্যাসিয়াস সরাসরি সমালোচনা করে বসলেন বুস্কেটসের। ঘটনাটা কী? ক্যাসিয়াস কেন রেগে গেলেন বুস্কেটসের ওপর?

লা লিগার এল ক্লাসিকোয় বার্সেলোনার কাছে ৪-৩ গোলে হারতে হয়েছে রিয়াল মাদ্রিদকে। সেই ম্যাচের আগে রিয়াল লা লিগায় শীর্ষে ছিল। এল ক্লাসিকোয় হার ও তার পরের ম্যাচেই হার মানতে হয়েছে রিয়াল মাদ্রিদকে। ফলে রিয়াল নেমে যায় তিন নাম্বারে।

সেই এল ক্লাসিকো বিতর্কের ঊর্ধ্বে নয়। ক্লাসিকো শেষ হয়ে গেছে কিন্তু রয়ে গেছে তার রেশ। সেই ম্যাচে প্রথমার্ধের শেষে রিয়াল ডিফেন্ডার পেপের মাথায় পা দিয়ে আঘাত করে বার্সেলোনার মিডফিল্ডার সার্জিও বুস্কেটস। এর আগে বার্সা প্লে-মেকার ফ্যাব্রিগাস ও পেপে মাথা দিয়ে ঢুঁস মেরেছেন একে অপরকে। তবে সবাইকে ছাপিয়ে গেছে বুস্কেটসের পা দিয়ে পেপের মুখ পাড়িয়ে দেওয়ার সেই ঘটনা। সেই ছবি নিয়ে উত্তাল গোটা স্পেন। এ নিয়ে সেখানকার পত্রপত্রিকায় লেখালেখি হয়েছে বিস্তর। বুস্কেটসের এমন কর্মকাণ্ড নিয়ে জোর সমালোচনা হয়েছে। তবে এবার বুস্কেটেসের সমালোচনা করলেন জাতীয় দলের সতীর্থ ইকার ক্যাসিয়াস। বললেন, "আমি হলে বুস্কেটসকে থাপ্পর মারতাম। ওর সঙ্গে দেখা হলে চড় কষিয়ে দেব।"

ক্যাসিয়াস পেপের পাশে দাঁড়িয়েছেন। বলা ভাল, গোটা রিয়াল মাদ্রিদই পর্তুগিজ ডিফেন্ডারের পাশে রয়েছে। ক্যাসিয়াস বলেন, "বুস্কেটস পালিয়ে যাওয়ার চেষ্টা করেছে। তাই প্রসঙ্গ ঘুরিয়ে দিতে চাইছে। ছবিতে পরিষ্কার বুস্কেটস পেপের মুখে পা তুলে দিয়েছে। দেখা হলে আমি ওকে থাপ্পর মারবো।" বুস্কেটসকে পেপে 'মিথ্যাবাদী' বলে উল্লেখ করেন। ক্যাসিয়াস বলেন, "সেটা উত্তপ্ত মুহূর্ত ছিল। তবে বুস্কেটস সেদিন অত্যন্ত খারাপ আচরণ করেছে।"

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10367/বুস্কেটসকে-থাপ্পড়-মারবেন-ক্যাসিয়াস!.

**রোনালদোকে ছাড়াই রিয়ালের চার গোল**

০৬ এপ্রিল ২০১৪, ১১:৩৮ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: সবচেয়ে সেরা তারকা ক্রিস্টিয়ানো রোনালদো দলে নেই। তাকে বিশ্রামে রেখেছেন কোচ। তবুও বড় জয়ই পেল রিয়াল মাদ্রিদ। লা লিগায় রিয়াল সোসিয়েদাদকে ৪-০ গোলে বিধ্বস্ত করেছে কার্লো আনচেলত্তির শীর্ষরা।

শনিবার রাতে প্রতিপক্ষের মাঠে খেলতে নেমে শুরুতে অবশ্য গোলের রাস্তা খুঁজে পেতে কিছুটা সমস্যা হচ্ছিলো রিয়ালের। কিন্তু পরে একের পর এক আক্রমণের সোসিয়েদাদকে চাপে ফেলে কার্লো আনচেলত্তির দল। প্রথমার্ধের শেষ সময়ে রিয়ালকে এগিয়ে দেন আসিয়ের ইলারামেন্দি। স্ট্রাইকার করিম বেনজামার জোরালো শট সোসিয়েদাদের গোলরক্ষক আটকে দিলেও ফিরতে বলে লক্ষ্যভেদ করেন ইলারামেন্দি। প্রথমার্ধে এক গোলেই এগিয়ে ছিল রিয়াল।

দ্বিতীয়ার্ধে অবশ্য আরো জ্বলে ওঠেন আনচেলত্তির শীর্ষরা। ইদানিং প্রায় নিয়মিত গোল পাচ্ছেন গ্যারেথ বেল। ৬৬ মিনিটে রিয়ালের গোল ব্যবধান দিগুন করেন ওয়েলসের এই ফরোয়ার্ড। এরপর ৮৫ মিনিটে গোল করে রিয়ালকে ৩-০ ব্যবধানে এগিয়ে দেন পেপে। স্যার্হিও রামোসের ক্লিক থেকে গোলটি করেন পর্তুগালের এই ডিফেন্ডার। আর এই গোলের ঠিক তিন মিনিট পরেই বদলি স্ট্রাইকার মোরাতা গোল করে দলের বড় জয় নিশ্চিত করেন।

শনিবার আগের ম্যাচগুলোতে জয় পেয়েছে শিরোপার অন্যতম দাবিদার আতলেতিকো মাদ্রিদ ও বর্তমান চ্যাম্পিয়ন বার্সেলোনা। আর রিয়াল সোসিয়েদাদকে হারিয়ে শিরোপার আশা বাঁচিয়ে রাখলো রিয়াল মাদ্রিদও। এই জয়ে ৩২ ম্যাচ থেকে ৭৬ পয়েন্ট নিয়ে তালিকার তৃতীয় অবস্থানে রয়েছে রিয়াল। আর সমান সংখ্যক ম্যাচ খেলে ৭৮ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে বার্সেলোনা ও ৭৯ পয়েন্ট নিয়ে তালিকার শীর্ষে রয়েছে আতলেতিকো।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: স্কাই স্পোর্টস

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10400/রোনালদোকে-ছাড়াই-রিয়ালের-চার-গোল.

## যুবরাজের বাড়িতে হামলা

০৭ এপ্রিল ২০১৪, ১০:১৬ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: টি-টোয়েন্টিতে ২১ বলে মাত্র ১১ রান করা যেকোনো ব্যাটসম্যানের জন্যই হয়তো বেমানান। তবে দল যদি জিতে তাহলে হয়তো ঢাকা পড়ে যায় সে ব্যর্থতা। কিন্তু দল হারলে যে সেই ব্যাটসম্যানই হয়ে ওঠেন হারের মূল 'ভিলেন'! তবে এর জন্য যদি ভক্ত-সমর্থকরা সেই খেলোয়াড়ের বাড়িতে হামলা করে তা অশোভনই বটে!

এতক্ষণে সবাই বুঝে গেছেন কার কথা বলা হচ্ছে। বলছি ভারতের যুবরাজ সিংয়ের কথা। টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে শ্রীলঙ্কার বিপক্ষে হেরেছে ভারত। আর এই হারের জন্য ২১ বলে মাত্র ১১ করা যুবরাজ সিংকেই দায়ী করছেন ভারতীয় সমর্থরা। শুধু তাই নয়, ভারতের যাবতীয় হতাশা যেন পাথরবৃষ্টি আকারে ঝরে পড়লো যুবরাজ সিংয়ের চণ্ডীগড়ের বাড়িতে। বিশ্বকাপে শ্রীলঙ্কার কাছে হারের পর চণ্ডীগড়ের একদল 'উন্মত্ত ক্রিকেটপাগল সমর্থক' যুবরাজের বাড়ি ঘেরাও করে পাথর ছোড়ে।

ভারতের হারের জন্য তারা সরাসরি যুবরাজকেই দায়ী করেন। তাদের চোখে 'ভিলেন' যুবরাজ। ভারতের ধীরগতিতে রান তোলার জন্য আসামীর কাঠগড়ায় দাঁড় করানো হয় এই বাঁহাতি ব্যাটসম্যানকে। যার জেরে তার বাড়ি আক্রমণ করে 'উন্মত্ত ক্রিকেটপাগল সমর্থরা'। পরে ঘটনাস্থলে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়ে আসে।

অনেকেই বলছেন, হ্যারি পটারের গল্পে একধরণের চরিত্রের উল্লেখ পাওয়া যায়, যে সব শুষে নেয়। যুবরাজের ইনিংসও সেরকমই। বিরাট কোহলি যখন রান তোলার গতি বাড়ানোর চেষ্টা করে যাচ্ছেন, তখন যুবরাজ নিজে রান বাড়াতে পারেননি। এমনকী স্ট্রাইক রোটেট করে কোহলিকে ব্যাট করতে পাঠাতেও পারেননি যুবরাজ। খেলার শেষে ক্যামেরায় যুবরাজকে বারবার দেখানো হচ্ছিলো। তার সঙ্গে কেউ কথা বলছেনা। একা যুবরাজ । একবার সে এগিয়ে এসে বিরাট কোহলির সঙ্গে হাত মিলিয়ে গেলেন। কোহলিও দায়সারা ভাবে হাত মেলালেন যুবরাজের সঙ্গে। আসলে ভারতীয় দলে এখন যুবরাজের গুরুত্ব কমে গেছে। অথচ এই যুবরাজের অসাধারণ নৈপুণ্যেই ২০১১ সালের আইসিসি ওয়ানডে বিশ্বকাপের শিরোপা ঘরে তুলেছিলো ভারত।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: হিন্দুস্থান টাইমস

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10478/যুবরাজের-বাড়িতে-হামলা.

## রোনালদোর ভালোবাসায় অভিভূত ডেভিড

০৭ এপ্রিল ২০১৪, ১২:০৩ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: পোল্যান্ডের ডেভিড নামের শিশুটি ক্রিস্টিয়ানো রোনালদোর বড় ভক্ত। মৃত্যুর মুখ থেকে ফেরা এই ভক্ত রোনালদোর ভালবাসায় অভিভূত। উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম সাক্ষাতে সান্টিয়াগো বার্নাব্যুতে ডেভিডকে খেলা দেখার টিকিট দেওয়া হয়। সেই সাথে তাকে বিশেষ অতিথির মর্যাদাও দেওয়া হয়।

কে এই ডেভিড? কেনই বা তাকে এই মর্যাদা দেওয়া হলো? ডেভিড আসলে রিয়াল মাদ্রিদের বড় ভক্ত। ১৪ বছর বয়সী ডেভিড গত বছরের আগস্ট মাসে গাড়ির ধাক্কায় মারাত্মক আহত হয়। তিন মাসের মতো তাকে কোমায় থাকতে হয়। ছেলে রিয়াল ভক্ত বলে, ডেভিডের বিছানায় রিয়ালের পতাকা বিছিয়ে দেন তার মা-বাবা। রিয়ালের খেলার ধারাবিবরণী শোনার জন্য হেডফোনও দেয়।

১৯ নভেম্বর ডেভিড চোখ মেলে তাকায়। যখন সে চোখ মেলে তাকায়, সেই মূহুর্তেই রোনালদো গোল করেন। সেই ম্যাচটি জিতেই রোনালদোর পর্তুগাল ব্রাজিল বিশ্বকাপের ছাড়পত্র পায়। সুইডেনকে একাই হারিয়েছিলেন রোনালদো। হ্যাটট্রিক করেছিলেন 'সিআর ৭'| এর মাস খানেক বাদে সুস্থ হয়ে বাড়ি ফেরে ডেভিড।

সংবাদপত্রের সৌজন্যে খবরটি সর্বত্র ছড়িয়ে পড়ে। এই খবর পৌঁছায় রোনালদোর কানেও। খবরটা শোনার পর রোনালদোকে তা এতটাই নাড়া দেয় যে, বসে থাকতে পারেনিন পর্তুগিজ সুপারস্টার। রিয়াল মাদ্রিদ-বরুসিয়া ডর্টমুন্ড ম্যাচ দেখার সুযোগ করে দেন ডেভিডকে। ম্যাচের শেষে ডেভিডকে জড়িয়ে ধরেন রোনালদো।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10487/রোনালদোর-ভালোবাসায়-অভিভূত-ডেভিড.

**বাঁ হাত হারাতে পারেন থর্প!**

০৯ এপ্রিল ২০১৪, ১১:৩৩ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: প্রতিদ্বন্দ্বিতামূলক সাঁতার প্রতিযোগিতায় আর নাও দেখা যেতে পারে অস্ট্রেলিয়ার সাঁতারু ইয়ান থর্পকে। যে দুই হাত দিয়ে সুইমিং পুলে ঝড় তুলতেন থর্প, তার একটি হাত হারাতে হতে পারে বিশ্বনন্দিত এই সাঁতারুকে।

পাঁচবার অলিম্পিক স্বর্ণজয়ী এই সাঁতারু তার বিখ্যাত আত্মজীবনী 'দিস ইজ মি'তে স্বীকার করে নিয়েছেন, এক দশক ধরে তিনি অবসাদে ভুগছেন। একসময় অতিরিক্ত মদ্যপান করতেন, নেশায় ডুবে যেতেন। সাঁতারের বিখ্যাত তারকা অবসাদ কাটানোর জন্য মদ্যপানে নিজেকে ডুবিয়ে দিতেন। শেষের দিকে জলের দুনিয়া তাঁকে আর সেভাবে টানতো না। যদিও ফিরে আসার একবার মরিয়া চেষ্টা করেছিলেন তিনি।

২০১২ অলিম্পিকে জায়গা পাওয়ার জন্য ব্যর্থ চেষ্টাও করেছিলেন। স্কটল্যান্ডে অনুষ্ঠিত কমনওয়েলথ গেমসে অংশ নেওয়ার ইচ্ছাও ছিল তার। তবে কাঁধের অস্ত্রোপচার তার সাঁতার জীবনের ইতি টেনে দেয়। অস্ত্রোপচার করতে গিয়েই থর্প নিজেকে আরও বিপন্ন করেন। ইনফেকশন ছড়িয়ে পড়ে হাতে। তার বাঁ হাতের অবস্থা এতটাই খারাপ যে সিডনিতে ইনটেনসিভ কেয়ারে ভর্তি করা হয়েছে।

থর্পের মুখপাত্র জেমস আর্সকিন জানিয়েছেন, থর্পের জীবন নিয়ে অবশ্য কোনো সংশয়ে নেই। তবে তার বাঁ হাত আর কাজ নাও করতে পারে। দু'বার থর্পের বাঁ কাঁধে অস্ত্রোপচার করা হয়েছিল। সেটাই শেষ পর্যন্ত কাল হয়ে দাঁড়ায়। ইনফেকশন অনেকটাই ছড়িয়ে পড়ে হাতে। কড়া অ্যান্টিবায়োটিক প্রয়োগ করা হচ্ছে তাকে।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10629/বাঁ-হাত-হারাতে-পারেন-থর্প!.

**ডেম্বার নৈপুণ্যে সেমিফাইনালে চেলসি**

০৯ এপ্রিল ২০১৪, ১২:৪৪ অপরাহ্ণ

খেলাধুলা ডেস্ক

ঢাকা: পরিবর্তিত খেলোয়াড় হিসাবে মাঠে নেমে ম্যাচের শেষ মুহূর্তে গোল করে চেলসিকে চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালে তুললেন সেনেগালের স্ট্রাইকার ডেম্বা বার। মঙ্গলবার রাতে কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগে পিএসজিকে ২-০ গোলে হারিয়ে সেমিফাইনাল নিশ্চিত করে হোসে মোরিনহোর দল।

প্রথম লেগে পিএসজির মাঠে ৩-১ গোলে হেরেছিল চেলসি। স্ট্যামফোর্ড ব্রিজে ২-০ তে জিতে দুই লেগ মিলিয়ে ৩-৩ সমতা থাকলেও প্রতিপক্ষের মাঠে গোল দেয়ার সুবাদে শেষ চারে জায়গা করে নিল তারা।

সর্বশেষ ১৯৯৫ সালে চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালে উঠেছিল ফরাসি ক্লাব পিএসজি। প্রথম লেগে চেলসিকে ৩-১ ব্যবধানে হারানোয় এবার তাদের সামনে শেষ চারে ওঠার সম্ভাবনা ছিল উজ্জ্বল। কিন্তু, মঙ্গলবার রাতে চেলসির জালে বল জড়াতে পারেনি তারা। চোটের কারণে এদিন খেলতে পারেননি দলের তারকা খেলোয়াড় ইব্রাহিমোভিচ। তার অভাব ভালমতোই টের পেয়েছে পিএসজি।

খেলার ৩২ মিনিটে জার্মান ফরোয়ার্ড আন্দ্রে শূরলের গোলে এগিয়ে যায় চেলসি। ডেভিড লুইসের কর্নার থেকে গোল করে দলকে এগিয়ে দেন তিনি। প্রথমার্ধে অবশ্য আর গোলের দেখা পায়নি চেলসি। কিন্তু, সেমিফাইনালে যেতে হলে শুধু জিতলেই নয়। কমপক্ষে ২-০ গোলের ব্যবধানে জিততে হতো চেলসিকে। এবং তারা তা করেও ফেলেছেন খেলার শেষ মুহূর্তে। ৮৭ মিনিটে চেলসির হয়ে মহাগুরুত্বপূর্ণ গোলটি করেন ডেম্বা। সেনেগালের এই তারকার অসাধারণ নৈপুণ্যের কথা ভালমতোই মনে রাখবে চেলসি।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/10634/ডেম্বার-নৈপুণ্যে-সেমিফাইনালে-চেলসি.

**সবচেয়ে ব্যয়বহুল দল স্পেন**

১৬ এপ্রিল ২০১৪, ১০:৩৬ পূর্বাহ্ণ

খেলাধুলা ডেস্ক

ঢাকা: আগামী জুনে ব্রাজিলে শুরু হতে যাচ্ছে ফিফা ফুটবল বিশ্বকাপের ২০তম আসর। আর এবারের বিশ্বকাপে সবচেয়ে ব্যয়বহুল দল গঠন করেছে বর্তমান চ্যাম্পিয়ন স্পেন। বিশ্বকাপের দল গঠনে স্পেন ব্যয় করবে ৪৮৬.৯ মিলিয়ন ইউরো।

ক্রীড়া ভিত্তিক পর্যবেক্ষনমূলক প্রতিষ্ঠান প্লুরি কানসালটোরিয়ার বরাত দিয়ে ব্রাজিলের একটি অর্থনৈতিক পত্রিকা 'ভ্যালো' এ বিষয়ে এক প্রতিবেদন প্রকাশ করেছে। তাদের প্রকাশিত প্রতিবেদনে ব্যয়বহুল দল গঠনের তালিকায় স্পেনের পরেই রয়েছে আর্জেন্টিনা ও ব্রাজিল। বিশ্বকাপের দল গঠনে আর্জেন্টিনা ব্যয় করবে ৪৭৪.১ মিলিয়ন ইউরো। আর ৪৭০.২ মিলিয়ন ইউরো ব্যয়ের পরিকল্পনা করেছে স্বাগতিক ব্রাজিল।

প্রতিষ্ঠানটির পরিসংখ্যান অনুযায়ী দেখা গেছে, জার্মানরা তাদের দল গঠনে খরচ করবে ৪৪৫.৬ মিলিয়ন ইউরো। আর ইংল্যান্ড ও ফ্রান্স এই খাতে খরচ করবে ৩৯৮.৬ মিলিয়ন ইউরো ও ৩৫৪.২ মিলিয়ন ইউরো। ৩৩৬.১ মিলিয়ন ব্যয়ভার নিয়ে পরের অবস্থানে রয়েছে বেলজিয়াম। আর আজ্জুরিদের এই খাতে ব্যয় ধরা হয়েছে ৩২২.৪ মিলিয়ন ইউরো।

আর্জেন্টিনা এবং বার্সেলোনার তারকা লিওনেল মেসি এবারো বিশ্বকাপের সবচেয়ে দামী ফুটবলার হিসেবে মাঠে নামবেন। মেসির জন্য আর্জেন্টিনাকে প্রায় ১৩৮.১ মিলিয়ন ইউরো গুনতে হবে। যদিও এই সংখ্যা গতবারের তুলনায় প্রায় ১.৪ শতাংশ কম।

মেসির তুলনায় প্রায় ৩০ মিলিয়ন ইউরো পিছিয়ে থেকে এই তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছেন পর্তুগীজ ও রিয়াল মাদ্রিদের ফরোয়ার্ড

ক্রিস্টিয়ানো রোনালদো। যদিও ফিফা বর্ষসেরা খেলোয়াড়ের খেতাব জয় করায় এবার তার মূল্য প্রায় ১১.৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ১০৭.৩ মিলিয়ন ইউরোর বিনিময়ে এবার পর্তুগালে খেলছেন রোনালদো।

প্রতিষ্ঠানটি আগামী ৭ মে বিশ্বকাপের ৩২টি দলের চূড়ান্ত তালিকা প্রকাশের পরে খেলোয়াড় ও দলগুলোর পরিপূর্ণ ব্যয়ভার প্রকাশ করবে।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11118/সবচেয়ে-ব্যয়বহুল-দল-স্পেন.

**বার্সেলোনাকে হারিয়ে শিরোপা রিয়ালের**

১৭ এপ্রিল ২০১৪, ১০:১৩ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: বার্সেলোনার কাছে মৌসুমের প্রথম এল ক্লাসিকোতে পরাজয়ের প্রতিশোধটা নিয়েই ফেললো রিয়াল মাদ্রিদ। চিরপ্রতিদ্বন্দ্বীদের ২-১ গোলে হারিয়ে কোপা দেল রের শিরোপা জিতলো কার্লো আনচেলত্তির দল।

বুধবার রাতে ভালেন্সিয়ার মেস্তায়া স্টেডিয়ামে কিংস কাপ হিসেবে পরিচিত এই টুর্নামেন্টের ফাইনালে ক্রিস্টিয়ানো রোনালদোকে ছাড়াই মাঠে নামে রিয়াল। তবে দলের সেরা তারকার অনপস্থিতি তেমন একটা বুঝতেই দেয়নি আনচেলত্তির শীর্ষরা। তার প্রমাণস্বরূপ খেলার ১১ মিনিটে গোল করে রিয়াল সমর্থকের আনন্দে ভাসান আনহেল ডি মারিয়া। করিম বেনজামার কাছ থেকে বল পেয়ে বার্সার জালে বল জড়াতে কোনো সমস্যা হয়নি আর্জেন্টিনার এই তারকার।

গোল হজমের পর তা পরিশোধের নেশায় মরিয়া হয়ে ওঠে বার্সা। একের পর এক আক্রমণ শুরু করে প্রতিপক্ষের শিবিরে। তবে ম্যাচের বেশিরভাগ সময় বল নিজেদের দখলে রাখলেও কোনো গোলের সুযোগ তৈরি করতে পারছিল না বার্সা। বরং প্রতিআক্রমণ থেকে কয়েকবার সুযোগ তৈরি করেছিল রিয়াল। ৩৭ মিনিটে ব্যবধান দ্বিগুণ করার সুবর্ণ সুযোগ হাতছাড়া করেন গ্যারেথ বেল। ফলে এক গোলে এগিয়ে থেকেই প্রথমার্ধের খেলা শেষ করে রিয়াল।

দ্বিতীয়ার্ধের প্রথম দিকে আরো দু'টি সুযোগ হাতছাড়া করেন বেল। ৬৮তম মিনিটে রিয়ালের একটি গোল বাতিল করে দেন রেফারি। বার্সার গোলরক্ষক পিন্টোর ঘারের ওপর লাফিয়ে উঠেন বেল। তবে এর কিছুক্ষণের মধ্যেই বার্সাকে সমতায় ফেরান মার্ক বারত্রা। জাভির কর্নার কিক থেকে আসা বলে অসাধারণ এক হেডে রিয়ালের জালে বল পাঠিয়ে দেন তিনি। ৭৯ মিনিটে দারুণ একটু সুযোগ তৈরি করে দিয়েছিলেন লিওনেল মেসি। কিন্তু দানি আলভেস সেই সুযোগটি কাজে লাগাতে পারেননি। তিন মিনিট পর বারে লেগে রিয়ালের আরেকটি সুযোগ নষ্ট হয়ে যায়।

তবে এরপর বেশিক্ষণ অপেক্ষা করতে হয়নি রিয়াল সমর্থকদের। মাঝমাঠ থেকে ক্ষিপ্রগতিতে বল টেনে নিয়ে গিয়ে গোল করেন বেল। খেলার শেষ মুহূর্তে সমতায় ফেরার সুযোগ তৈরি হয় বার্সার সামনে। কিন্তু, দুর্ভাগ্য কাতালানদের জন্য। রিয়াল গোলরক্ষক ইকার ক্যাসিয়াসকে ফাঁকি দিয়ে শট নেন নেইমার। তবে এই ব্রাজিলিয়ান তারকার শট পোস্টে লেগে ফিরে আসে। আর রেফারির শেষ বাঁশি বাজানোর সাথে সাথে কোপা দেল রেতে নিজেদের ১৯তম শিরোপা জয়ের স্বাদ পায় রিয়াল।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: স্কাই স্পোর্টস, টেন অ্যাকশন

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11199/বার্সেলোনাকে-হারিয়ে-শিরোপা-রিয়ালের.

**'কোপার শিরোপা রিয়ালের প্রাপ্য ছিল'**

১৭ এপ্রিল ২০১৪, ১২:৪৪ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: চিরপ্রতিদ্বন্দ্বী বার্সেলোনাকে হারিয়ে কোপা দেল রের শিরোপা ঘরে তুলেছে রিয়াল মাদ্রিদ। কিংস কাপ হিসেবে পরিচিত এই টুর্নামেন্টের শিরোপা রিয়াল মাদ্রিদের প্রাপ্য ছিল বলে মনে করেন দলের সবচেয়ে সেরা তারকা ক্রিস্টিয়ানো রোনালদো।

হাঁটুর চোটের কারণে বুধবার কোপার ফাইনাল ম্যাচেও রোনালদোকে দলের বাইরে রাখেন রিয়াল কোচ কার্লো আনচেলত্তি। তবে মাঠে এসে পুরো খেলা দেখেছেন রোনালদো। দলের এই সেরা তারকাকে ছাড়াই বার্সেলোনাকে ২-১ গোলে হারিয়েছে রিয়াল। আর দলের জয়ের নায়ক আনহেল ডি মারিয়া ও গ্যারথ বেল। খেলার ১১ মিনিটে ডি মারিয়া রিয়ালকে এগিয়ে নিলেও দ্বিতীয়ার্ধে বার্সাকে সমতায় ফেরান মার্ক বারত্রা। তবে ম্যাচের ৮৫ মিনিটে মাঝমাঠ থেকে প্রচণ্ড গতিতে ছুটে গিয়ে বল বার্সার জালে জড়িয়ে দেন বেল। আর বেলের এই অসাধারণ গোলেই জয় নিশ্চিত হয়ে যায় রিয়ালের।

ম্যাচ শেষে রোনালদো বলেন, "এই জয়টা আমাদের প্রাপ্য ছিল। কারণ, আমরা অনেক ভালো খেলেছি এবং সবচেয়ে বেশি গোলের সুযোগও আমরাই তৈরি করতে পেরেছি।"

এই পর্তুগিজ তারকা মনে করেন, এই শিরোপা জয়ের আনন্দটা তার সতীর্থরা অনেক উপভোগ করেছে। তবে এখনো চ্যাম্পিয়ন্স লিগ ও লা লিগার শিরোপার লড়াই বাকি রয়েছে। তার বিশ্বাস বার্সেলোনার বিপক্ষে শিরোপা জয় বাকি দু'টি টুর্নামেন্টে তাদের অনুপ্রেরণা জোগাবে।

২৯ বছর বয়সী এই অভিজ্ঞ খেলোয়াড় নিজের ইনজুরি সম্পর্কে বলেন, "এখন আমি ভালো আছি। আর কোনো ব্যথা অনুভব করছি না।"

বার্সেলোনার বিপক্ষে এই জয় দিয়ে কিংস কাপে নিজেদের ১৯তম শিরোপা জয়ের স্বাদ পেল রিয়াল। এদিকে লা লিগায় দ্বিতীয় অবস্থানে রয়েছে কার্লো আনচেলত্তির দল। এছাড়া চ্যাম্পিয়ন্স লিগেও সেমিফাইনালে উঠেছে তারা। সেমিফাইনালে রিয়ালের প্রতিপক্ষ বায়ার্ন মিউনিখ। মৌসুমের বাকি শিরোপাগুলোও নিজেদের করে নিতে মুখিয়েই থাকবেন কার্লো আনচেলত্তির শীর্ষরা।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: গোল ডটকম

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11212/'কোপার-শিরোপা-রিয়ালের-প্রাপ্য-ছিল'.

**জয় দিয়ে শুরু রাজস্থানের**

১৯ এপ্রিল ২০১৪, ৮:৫৯ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: নিজেদের প্রথম ম্যাচে জয় দিয়ে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) শুরু করলো রাজস্থান রয়্যালস। এদিন সানরাইজার্স হায়দ্রাবাদকে চার উইকেটে হারিয়েছে প্রথম আসরের চ্যাম্পিয়নরা।

শুক্রবার আবুধাবীর শেখ জায়েদ স্টেডিয়ামে আগে ব্যাট করে ৬ উইকেটে ১৩৩ রান করে হায়দ্রাবাদ। জবাবে ৩ বল বাকি থাকতেই ৬ উইকেট হারিয়ে জয়ের বন্দরে পৌঁছে যায় রাজস্থান।

আগের ম্যাচে যে মাঠে ২০৫ রান করেও কিংস ইলেভেন পাঞ্জাবের কাছে ৬ উইকেটে হেরেছে চেন্নাই সুপার কিংস। সেই মাঠেই মাত্র ১৩৩ রান সংগ্রহ করে লড়াই করেছে হায়দ্রাবাদ। প্রথম ওভারেই রাজস্থানের দলীয় ৪ রানে উদ্বোধনী ব্যাটসম্যান অভিষেক নায়েরকে সাজঘরে পাঠান ডেল স্টেইন। এরপর ৩১ রানের মধ্যেই আরো ২ উইকেট ফেলে দেয় হায়দ্রাবাদের বোলাররা। ফলে ৩১ রানে ৩ উইকেট হারিয়ে চাপে পড়ে রাজস্থান। তবে চতুর্থ উইকেট ৭৭ রানের জুটি গড়েন অজিঙ্কা রাহানে ও স্টুয়ার্ট বিন্নি। দলীয় ১০৮ রানে রাহানে ৫৯ রান

করে ফিরলেও এই দু'জনের ব্যাটে ভর করেই মূলত জয়ের ভিত মজবুত করে রাজস্থান। শেষ দিকে আরো ২ উইকেট হারেলেও ৪৮ রানে অপরাজিত থেকে দলের জয় নিশ্চিত করেন বিন্নি। হায়দ্রাবাদের পক্ষে অমিত মিশ্র ও স্টেইন দু'টি করে উইকেট নেন।

এর আগে টস হেরে আগে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ১৩৩ রান সংগ্রহ করে হায়দ্রাবাদ। দলীয় ২ রানেই অ্যারন ফিঞ্চের উইকেট হারানোর পর শিখর ধাওয়ান ও ডেভিড ওয়ার্নার মিলে ৭৭ রানের জুটি গড়েন। ৪৮ রান করে ধাওয়ান ও ৩২ রান করে ওয়ার্নার সাজঘরে ফিরে গেলে রানের চাকা ধীরগতির হয়ে যায় হায়দ্রাবাদের। রাজস্থানের বোলারদের নিয়ন্ত্রিত বোলিংয়ে শেষ পর্যন্ত ১৩৩ রান সংগ্রহ করে তারা। রাজস্থানের পক্ষে রজত ভাটিয়া, ধাওয়াল কুলকার্নি ও কেন রিচার্ডসন নেন দু'টি করে উইকেট।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: ক্রিকইনফো,মাছরাঙা টেলিভিশন

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11326/জয়-দিয়ে-শুরু-রাজস্থানের.

**ম্যাক্সওয়েল-মিলার ঝড়ে বিধ্বস্ত রাজস্থান**

২১ এপ্রিল ২০১৪, ১০:১৯ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) গ্লেন ম্যাক্সওয়েল ও ডেভিড মিলারের ঝড়ো ব্যাটিংয়ের কাছে বিধ্বস্ত হয়েছে রাজস্থান রয়্যালস। সাবেক চ্যাম্পিয়নদের সাত উইকেটে হারিয়ে এবারের আসরে টানা দ্বিতীয় জয় তুলে নিয়েছে কিংস ইলেভেন পাঞ্জাব।

রবিবার শারজাহ ক্রিকেট স্টেডিয়ামে আগে ব্যাট করে ৫ উইকেটে ১৯১ রান তোলে রাজস্থান। জবাবে ১৮.৪ ওভারে মাত্র ৩ উইকেট হারিয়ে জয়ের বন্দরে পৌঁছে যায় পাঞ্জাব।

রাজস্থানের দেওয়া ১৯২ রানের লক্ষ্য তাড়া করতে নেমে শুরুটা ভালো হয়নি পাঞ্জাবের। দলীয় ১০ রানেই বীরেন্দর শেবাগ ও ঋদ্ধিমান সাহার উইকেট হারায় তারা। তবে তৃতীয় উইকেটে চেতেশ্বর পুজারার সঙ্গে ১১৬ রানের জুটি গড়েন ম্যাক্সওয়েল। আগের ম্যাচে ৪৩ বলে ৯৫ রান করা ম্যাক্সওয়েল এই ম্যাচে থামেন ৮৯ রানে। মাত্র ৪৫ বলে তার এই ঝড়ো ইনিংসে ছিল ৮টি চার ও ৬টি ছক্কার মার।

দলীয় ১২৬ রানে ম্যাক্সওয়েলের বিদায়ের পর ক্রিজে আসেন মিলার। এসে শুরু থেকেই রাজস্থানের বোলারদের ওপর তাণ্ডব চালান এই প্রোটিয়া ব্যাটসম্যান। মাত্র ১৯ বলে ৫১ রানে অপরাজিত থেকে দলকে অসাধারণ এক জয় এনে দেন তিনি। চারবিহীন এই ইনিংসে ৬ ছক্কা হাঁকান মিলার। এছাড়া পূজারা অপরাজিত থাকেন ৪০ রানে।

এর আগে টস হেরে আগে ব্যাট করতে নামা রাজস্থান সঞ্জু স্যামসন ও শেন ওয়াটসনের ফিফটিতে ১৯১ রান সংগ্রহ করে। ৫৪ রানে দুই উদ্বোধনী ব্যাটসম্যান অভিষেক নায়ার ও অজিঙ্কা রাহানে সাজঘরে ফিরে গেলেও অধিনায়ক ওয়াটসন ও স্যামসন ৭৪ রানের জুটি গড়ে দলকে বড় সংগ্রহের পথে এগিয়ে নিয়ে যান। দলীয় ১২৮ রানে ২৯ বলে ৫০ রান করে বোল্ড আউট হন ওয়াটসন। তার ইনিংসে ছিল ৫টি চার ও ৩টি ছক্কার মার। এছাড়া ৫২ রান করে স্যামসন বিদায় নিলেও শেষ দিকে স্টিভেন স্মিথের ১৫ বলে অপরাজিত ২৭ রানে ১৯১ রানের বড় সংগ্রহ পায় রাজস্থান।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: ক্রিকইনফো,মাছরাঙা টেলিভিশন

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11480/ম্যাক্সওয়েল-মিলার-ঝড়ে-বিধ্বস্ত-রাজস্থান.

**দিল্লিকে ৯৩ রানে হারালো চেন্নাই**

২২ এপ্রিল ২০১৪, ১০:৪২ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) সপ্তম আসরে প্রথম জয় পেয়েছে চেন্নাই সুপার কিংস। দিল্লি ডেয়ারডেভিলসকে ৯৩ রানের বিশাল ব্যবধানে হারিয়েছে টুর্নামেন্টে সর্বোচ্চ দু'বার চ্যাম্পিয়ন দলটি।

সোমবার আবুধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে আগে ব্যাট করে ৭ উইকেটে ১৭৭ রান সংগ্রহ করে চেন্নাই। জবাবে প্রতিপক্ষের বোলারদের দাপুটে বোলিংয়ে মাত্র ৮৪ রানেই গুটিয়ে যায় দিল্লির ইনিংস। ফলে ৯৩ রানের বড় জয় পায় মহেন্দ্র সিং ধোনির দল।

চেন্নাইয়ের দেওয়া ১৭৮ রানের লক্ষ্যে খেলতে নেমে মাত্র ১৭ রানেই ৩ উইকেট হারিয়ে চাপে পড়ে যায় দিল্লি। এরপর চতুর্থ উইকেটে অধিনায়ক দীনেশ কার্তিক ও জেপি ডুমিনি ২৫ রানের জুটি গড়ে লড়াইয়ে ফেরার চেষ্টা করেন। তবে দলীয় ৪২ রানে ডুমিনির বিদায়ের পর ৫০ ও ৭৪ রানে সাজঘরে ফেরেন রস টেলর ও কার্তিক। এরপর নিয়মিত বিরিতিতে উইকেটে হারাতে থাকে দিল্লি। ফলে ১৫.৪ ওভারে মাত্র ৮৪ রানেই শেষ হয়ে যায় তাদের ইনিংস। দলের পক্ষে সর্বোচ্চ ২২ রান আসে জেমস নিশামের ব্যাট থেকে। এছাড়া কার্তিক করেন ২১ রান। চেন্নাইয়ের পক্ষে রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজা ও ঈশ্বর পাণ্ডে নেন দু'টি করে উইকেট।

এর আগে টস হেরে আগে ব্যাট করতে নামে চেন্নাই। এবারের আসরের প্রথম ম্যাচে কিংস ইলেভেন পাঞ্জাবের কাছে পরাজিত চেন্নাই শুরুতে দেখেশুনে খেলে। যদিও দলীয় ২৩ রানে সাজঘরে ফেরেন ব্রান্ডন ম্যাকমালাম। তবে দ্বিতীয় উইকেটে ৫৪ রানের জুটি গড়েন ডোয়াইন স্মিথ ও সুরেশ রায়না। আর মাঝে ফাফ ডু প্লেসির ১৭ বলে ২৪ ও শেষ দিকে অধিনায়ক ধোনির ১৫ বলে ৩২ রানের ইনিংসে ৭ উইকেট হারিয়ে ১৭৭ রান তোলে চেন্নাই। দলের পক্ষে ৪১ বলে ৫টি চার ও ১টি ছক্কায় সর্বোচ্চ ৫৬ রান করেন রায়না। এছাড়া ৩২ রান আসে ধোনির ব্যাট থেকে। দিল্লির পক্ষে জয়দেব উনাদকাত ৩ উইকেট লাভ করেন।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: ক্রিকইনফো,মাছরাঙা টেলিভিশন

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11540/দিল্লিকে-৯৩-রানে-হারালো-চেন্নাই.

**পাঞ্জাবের টানা তৃতীয় জয়**

২৩ এপ্রিল ২০১৪, ৯:৪৭ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: আবারো গ্লেন ম্যাক্সওয়েলের ঝড়ো ব্যাটিং। সেই সাথে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) টানা তৃতীয় জয় পেল কিংস ইলেভেন পাঞ্জাব। সানরাইজার্স হায়দ্রাবাদকে ৭২ রানে হারিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে উঠে গেল জর্জ বেইলির দল।

মঙ্গলবার শারজা ক্রিকেট স্টেডিয়ামে আগে ব্যাট করে ৬ উইকেটে ১৯৩ রান সংগ্রহ করে পাঞ্জাব। জবাবে ১৯.২ ওভারে মাত্র ১২১ রানেই গুটিয়ে যায় হায়দ্রাবাদের ইনিংস।

পাঞ্জাবের বেঁধে দেওয়া ১৯৪ রানের বিশাল লক্ষ্যে খেলতে নেমে শুরু থেকে ধাক্কা খেতে থাকে হায়দ্রাবাদ। খেলার দ্বিতীয় ওভারেই অধিনায়ক শিখর ধাওয়ানকে ব্যক্তিগত ১ রানে বিদায় করে হায়দ্রাবাদকে বড় একটা ধাক্কা দেন মিচেল জনসন। দলীয় ৩৩ রানের মধ্যেই অ্যারন ফিঞ্চ ও ডেভিড ওয়ার্নারের উইকেট হারিয়ে বিপাকে পড়ে যায় হায়দ্রাবাদ। এরপর নিয়মিত বিরতিতে একের পর এক উইকেট হারায় তারা। ফলে ১৯.২ ওভারে মাত্র ১২১ রানেই থামে হায়দ্রাবাদের ইনিংস। দলের পক্ষে সর্বোচ্চ ২৭ রান আসে লুকেশ রাহুলের ব্যাট থেকে। পাঞ্জাবের পক্ষে ৪ ওভারে মাত্র ১৩ রান দিয়ে ৪ উইকেট তুলে নেন লক্ষ্মীপতি বালাজি। এছাড়া অক্ষর প্যাটেল ও জনসনের ঝুলিতে জমা পড়ে দু'টি করে উইকেট।

এর আগে টস হেরে আগে ব্যাট করতে নামে পাঞ্জাব। উদ্বোধনী জুটিতে চেতেশ্বর পুজারা ও বীরেন্দর শেবাগ মিলে যোগ করেন ৫১ রান।

এরপর ২২ বলে ৩০ রান করে সাজঘরে ফেরেন শেবাগ। ব্যাটিংয়ে আসেন ম্যাক্সওয়েল। আগের দু'টি ম্যাচে ৯৫ ও ৮৯ রান করা এই অস্ট্রেলীয় ব্যাটসম্যান এই ম্যাচেও জ্বলে ওঠেন শুরু থেকেই। দ্বিতীয় উইকেটে পুজারাকে সঙ্গে নিয়ে গড়েন ৩৫ রানের জুটি। দলীয় ৮৬ রানে ৩৫ রান করে পুজারা বিদায় নিলেও একপ্রান্তে ব্যাটিং ঝড় তোলেন ম্যাক্সওয়েল। মাত্র ৪৩ বলে ৫টি চার ও ৯টি ছক্কায় ৯৫ রানে থামে তার ইনিংস। যদিও দু'বার জীবন ফিরে পান তিনি। সেই সাথে টানা তৃতীয় ম্যাচে সেঞ্চুরি বঞ্চিত হলেন ম্যাক্সওয়েল। তবে তার ঝড়ো ব্যাটিংয়েই ১৯৩ রানের পুঁজি গড়ে পাঞ্জাব। হায়দ্রাবাদের পক্ষে ১৯ রানে ৩ উইকেট নেন ভুবনেশ্বর কুমার। এছাড়া লেগস্পিনার অমিত মিশ্র ২ উইকেট লাভ করেন।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: ক্রিকইনফো,মাছরাঙা টেলিভিশন

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11613/পাঞ্জাবের-টানা-তৃতীয়-জয়.

## রিয়ালের প্রশংসায় বায়ার্ন কোচ

২৪ এপ্রিল ২০১৪, ২:৩৯ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: বার্সেলোনার কোচ থাকাকালীন সময়ে সান্তিয়াগো বার্নাবেউতে কখনোই ম্যাচ হারেননি পেপ গার্দিওলা। কিন্তু মাঝে সময় বদলে গেছে। বার্সেলোনা থেকে বিদায় নেয়ার পর বায়ার্ন মিউনিখের কোচের হাল ধরেছেন তিনি। চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালের প্রথম লেগে রিয়াল মাদ্রিদের বিপক্ষে ১-০ গোলে হেরেছে তার দল। তবে হেরেও রিয়াল মাদ্রিদের প্রশংসা করলেন বায়ার্ন মিউনিখ কোচ পেপ গার্দিওলা। তার মতে, চ্যাম্পিয়ন্স লিগে রিয়াল মাদ্রিদই সবার চেয়ে সেরা দল।

বুধবার চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালের প্রথম লেগের ম্যাচে ৬৩ শতাংশ দল নিজেদের দখলে রেখেছিল বায়ার্ন। তবে প্রথমার্ধের ১৯ মিনিটে রিয়ালের একমাত্র গোলটি করেন ফরাসি স্ট্রাইকার করিম বেনজামা। যা আর শেষ পর্যন্ত পরিশোধ করতে পারেননি গার্দিওলার শীর্ষরা। তবে জেতার জন্য রিয়াল খেলোয়াড়দের প্রশংসা করেন গার্দিওলা। তিনি বলেন, "মাদ্রিদ পুরোপুরি সুসংগঠিত একটি দল। মাদ্রিদের ফুটবলাররা সত্যিকারের অ্যাথলেট। ওদের পাল্টা আক্রমণ অনেক ভয়ঙ্কর। ওদের পাল্টা আক্রমণ ঠেকাতে আমাদের আরো সজাগ থাকতে হবে।"

আগামী মঙ্গলবার সেমিফাইনালের দ্বিতীয় লেগে নিজ মাঠ আলিয়াঞ্জ অ্যারেনায় রিয়ালের বিপক্ষে মাঠে নামবেন গার্দিওলার শীর্ষরা। সেখানে প্রতিপক্ষের বিপক্ষে ঘুরে দাঁড়াতে চান বায়ার্ন কোচ। তিনি বলেন, "আমার মতে দ্বিতীয় লেগেও ওরা একইভাবে ফুটবল খেলবে। ওদের পাল্টা আক্রমণ আমাদের নিয়ন্ত্রণ করতেই হবে। ঘরের মাঠে আমরা দ্বিতীয় লেগ খেলবো। সমর্থকরাও আমাদের সঙ্গে থাকবেন। ফাইনালে যাওয়ার জন্য যা কিছু করার আমরা করবো।"

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: গোল ডটকম

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11714/রিয়ালের-প্রশংসায়-বায়ার্ন-কোচ.

## আর নেই টিটো ভিলানোভা

২৬ এপ্রিল ২০১৪, ৯:২১ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: আর নেই বার্সেলোনার সাবেক কোচ টিটো ভিলানোভা। দীর্ঘদিন ধরে ক্যানসারের সাথে লড়াই করে মারা গেছেন তিনি।

শুক্রবার স্প্যানিশ ক্লাবটি এক বিবৃতিতে খবরটি নিশ্চিত করেছে। ভিলানোভা দীর্ঘদিন ধরে ক্যানসারে ভুগছিলেন। সে কারণেই বার্সেলোনার কোচের দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছিলেন তিনি।

বৃহস্পতিবার হঠাৎই গুরুতর অসুস্থ হয়ে পড়েন ভিলানোভা। সঙ্গে সঙ্গে তাকে হাসপাতালে ভর্তি করানো হয়। তবে দরকার ছিল অস্ত্রোপচারের। কিন্তু শেষরক্ষা হল না। তার আগেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন ভিলানোভা। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৫ বছর।

এর আগে তার ক্যানসার ধরা পরে যখন তিনি পেপ গার্দিওলার সহকারি হিসেবে কাজ করছিলেন। ২০১২-১৩ মৌসুমে প্রধান কোচের দায়িত্ব পান তিনি। কিন্তু শারীরিকভাবে এতোটাই অসুস্থ হয়ে পড়েন যে ৬ মাসের বেশি কাজ করতে পারেননি। ২০১২ তে তার অস্ত্রোপচারের পর তিনি আবার ফিরে আসেন বার্সার কোচের দায়িত্বে। মৌসুমের শেষ পর্যন্ত দায়িত্ব পালন করেন। তার অধীনেই সেবার লা লিগা চ্যাম্পিয়ন হয় বার্সা। এরপর গত মৌসুমেই তিনি কোচের দায়িত্ব ছেড়ে দিতে বাধ্য হন। এরপর আর তাকে ফুটবল মাঠে দেখা যায়নি।

তার সঙ্গেই শেষ হয়ে গেল একটা সময়ের। তিনি রেখে গেছেন স্ত্রী ও দুই সন্তানকে। বার্সেলোনা ক্লাবের পক্ষ থেকে তার পরিবারের পাশে থাকার আশ্বাস দেওয়া হয়েছে।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11785/আর-নেই-টিটো-ভিলানোভা.

**ঘিঘিয়ার চোখে বিশ্বকাপে ফেবারিট ব্রাজিল**

২৬ এপ্রিল ২০১৪, ১২:৪২ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ১৯৫০ সালে ব্রাজিলকে হারিয়ে ফিফা ফুটবল বিশ্বকাপের শিরোপা ঘরে তুলেছিল উরুগুয়ে। সেবার ব্রাজিলকে হতাশার গাঢ় অন্ধকারে ডোবানো উরুগুয়ের জয়ের নায়ক ছিলেন আলসিদেস ঘিঘিয়া। উরুগুয়ের সেই জীবন্ত কিংবদন্তির চোখে এবারের বিশ্বকাপে ফেবারিট ব্রাজিল। তবে ব্রাজিলের পাশাপাশি জার্মানিও শিরোপার অন্যতম দাবিদার বলে মনে করছেন উরুগুয়ের এই কিংবদন্তি ফুটবলার।

সংবাদ সংস্থা 'এএফপি'কে দেওয়া এক সাক্ষাৎকারে ঘিঘিয়া এসব কথা বলেন। সেই সাথে তিনি স্মৃতিচারণ করেন উরুগুয়ের ১৯৫০ সালের বিশ্বকাপ জয়ের।

১৯৩০ সালে বিশ্বকাপের প্রথম আসরে আর্জেন্টিনাকে ৪-২ গোলে হারিয়ে শিরোপা জিতেছিল উরুগুয়ে। এরপর ১৯৫০ সালে শেষবার ব্রাজিলের ঘরের মাঠেই স্বাগতিকদের ২-১ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল তারা। সেবার উরুগুয়েকে শিরোপার মধুর স্বাদ দেয় মূলত ঘিঘিয়ার করা দ্বিতীয় গোলটিই। তারপর থেকে এখনো বিশ্বকাপের শিরোপা অধরা উরুগুয়ের। কিন্তু ঘিঘিয়া আশাবাদী এবারের বিশ্বকাপে তার দেশ ভাল করবে। তিনি চান উরুগুয়ে এবার বিশ্বকাপ জিতুক। এই প্রসঙ্গে ঘিঘিয়া বলেন, "আমি জানি না এবার কী হতে চলেছে। এবার উরুগুয়ে কেমন খেলবে তা দেখতে আমাদের অপেক্ষা করতে হবে। আমি সব সময়ই ওদের বিশ্বচ্যাম্পিয়ন হিসেবে দেখতে পছন্দ করি। আমি আশাবাদী ওরা পারবে।"

১৯৫০ সালের বিশ্বকাপ ফাইনালের আগে সকলেই ব্রাজিলকে চ্যাম্পিয়ন করে দিয়েছিল। এমনকী উরুগুয়ের সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল ব্রাজিল চ্যাম্পিয়ন। যা ঘিঘিয়াদের জ্বলে উঠতে সাহায্য করে। ফাইনালে ব্রাজিলকে ২-১ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল উরুগুয়ে। সেদিন ঘিঘিয়ার গোলের পর গোটা মারাকানা স্টেডিয়াম স্তব্ধ হয়ে গিয়েছিল। প্রায় কুড়ি হাজার সমর্থকের মধ্যে অল্প কিছু উরুগুয়ের সমর্থক আনন্দ করেছিল সেদিন। বাকি সকলেই কেঁদেছিল। ৮৭ বছর বয়সেও সেদিনের গোলের স্মৃতি স্পষ্ট ঘিঘিয়ার চোখে। ৬৪ বছর পেরিয়ে গেলেও এখনো মনে রেখেছেন সেদিন কী হয়েছিল। ঘিঘিয়া বলেন, "ম্যাচের শেষে অল্প সংখ্যক উরুগুয়ের সমর্থক আনন্দ করছিল। বাকিরা কাঁদছিল। গোটা স্টেডিয়াম ছিল স্তব্ধ। আমরা তিনজন স্টেডিয়ামের স্তব্ধতা ভেঙেছিলাম। সেই গোলের স্মৃতি এখনও স্পষ্ট। যা আমি কখনো ভুলতে পারবো না।"

উরুগুয়ের ১৯৩০ ও ১৯৫০-এর সুখস্মৃতি কী ২০১৪ তে ফিরবে? তৃতীয়বারের মতো কী তারা বিশ্বকাপের শিরোপা ঘরে তুলতে পারবে? যদিও শক্তিমত্তার দিক দিয়ে তারা অন্যদের চেয়ে অনেকটা পিছিয়ে। তবে লুইস সুয়ারেসের মতো বিশ্বমানের খেলোয়াড় কিন্তু তাদের দলেই রয়েছে। এখান দেখা যাক বিশ্বকাপের শিরোপার দৌড়ে উরুগুয়ে শেষ পর্যন্ত কোথায় গিয়ে থামে।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11803/ঘিঘিয়ার-চোখে-বিশ্বকাপে-ফেভারিট-ব্রাজিল.

## শূন্যের হ্যাটট্রিকের পর গম্ভীরের ১

২৭ এপ্রিল ২০১৪, ১১:৫২ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: বউয়ের পরামর্শ মোতাবেক এবার বুঝি ব্যাট ছেড়ে বল হাতেই দাঁড়াতে হতে পারে গৌতম গম্ভীরকে! যদিও এটাকে শুধুমাত্র রসিকতা ছাড়া অন্যকিছু বলা যায় না। কেননা টি-টোয়েন্টিতে কখনোই বল করতে দেখা যায়নি তাকে। কিন্তু এবার আইপিএলে তার হলোটা কী! পরপর তিন ম্যাচে শূন্য রানে আউট! আবার চতুর্থ ম্যাচে মাত্র ১ রান। সর্বশেষ ম্যাচে কিংস ইলেভেন পাঞ্জাবের বিপক্ষে এই ১ রান করেন তিনি। আইপিএলের মতো আসরে যেখানে এক ম্যাচে বাজে পারফর্ম করলেই কোনো খেলোয়াড় পরের ম্যাচে বাদ পড়ার ক্ষণ গুণতে থাকে, সেখানে একটা দলের অধিনায়ক হয়ে শূন্যের হ্যাটট্রিক করলেন! আবার পরের ম্যাচেও মাত্র ১ রান! ফলে পরবর্তী ম্যাচে হয়তো ব্যাটসম্যান থেকে বোলার নয়, দর্শকও বনে যেতে পারেন গম্ভীর!

চলমান আইপিএলে গম্ভীর যখন 'ডাক' মারার মহড়ায় ব্যস্ত ছিলেন, তখন তাকে ফোন করেছিলেন তার স্ত্রী। কেমন চলছে দিনকাল-এমন প্রশ্নের জবাবে বেশ খুশি ভাব নিয়েই উত্তর দিয়েছিলেন গম্ভীর। কিন্তু স্ত্রী যখন বলেন তার ব্যাটিংয়ের এই দুর্দশা কেন-তখন গম্ভীর প্রায় চুপ মেরে গিয়েছিলেন।

স্বামীকে তাই স্ত্রী পরামর্শ দিয়ে বলেছিলেন, "ব্যাটিং যখন পারছো না, তখন একটু বোলিং শিখো। তাতে ব্যাট হাতে ব্যর্থ হলেও তোমার করার মতো কিছু থাকবে।"

তবে স্ত্রীর এই পরামর্শ টি-টোয়েন্টিতে কোনো বল না করা গম্ভীরের জন্য রসিকতা ছাড়া আর কী বা হতে পারে! কলকাতা নাইট রাইডার্সের অধিনায়ক হিসেবেও গম্ভীরের অবস্থান এই মুহূর্তে প্রশ্নবিদ্ধ। যদিও আগের আসর গুলোতে তার পারফর্মেন্স মোটেই খারাপ নয়। দিল্লি ডেয়ারডেভিলসের হয়েও খেলেছেন তিনি। আইপিএলে এখন পর্যন্ত ৯২ ম্যাচ খেলে ২৪৭২ রান করেছেন গম্ভীর। কোনো সেঞ্চুরি না থাকলেও হাফ সেঞ্চুরি রয়েছে ২০টি। চার মেরেছেন ২৯১টি। এছাড়া ছক্কা হাঁকিয়েছেন ৩৭টি। সর্বোচ্চ রানের ইনিংস ৯৩। তবে এবার একটি 'বাজে' রেকর্ডও করে ফেলেছেন গম্ভীর। তা হলো সবচেয়ে বেশি 'ডাক' মারার রেকর্ড। আইপিএলে এখন পর্যন্ত সর্বোচ্চ ১০ বার রানের খাতা না খুলেই আউট হয়েছেন তিনি। তবে এই 'বাজে প্রতিযোগিতায়' গম্ভীরের পরেই রয়েছেন বোলার অমিত মিশ্র। এই লেগস্পিনারের ডাক সংখ্যা ৯টি। এছাড়া ৯ বার করে শূন্য রানে আউট হয়েছেন হরভজন সিং ও জ্যাক ক্যালিসও। এখন দেখার বিষয়, টুর্নামেন্ট শেষে এই 'বাজে পারফর্মেন্সের' মুকুট কার মাথায় গিয়ে উঠে।

ব্রেকিংনিউজ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11876/শূন্যের-হ্যাটট্রিকের-পর-গম্ভীরের-১.

## ৩ রানে অলআউট ইংল্যান্ডের ক্লাব!

২৭ এপ্রিল ২০১৪, ৩:৩৯ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: সত্যিই যেন দুঃসময় চলছে ইংল্যান্ডের ক্রিকেটে। সর্বশেষ অ্যাশেজ টেস্ট সিরিজে অস্ট্রেলিয়ার কাছে ৫-০ তে হোয়াইটওয়াশ হলো ইংল্যান্ড। এরপর সদ্য সমাপ্ত টি-টোয়েন্টি বিশ্বকাপে লজ্জার হার পেল নেদারল্যান্ডসের কাছে। এবার ঘটলো এ কী কাণ্ড! মাত্র ৩ রানে অলআউট হয়ে গেল ইংল্যান্ডের একটি ক্লাব।

উত্তর-পশ্চিম ইংল্যান্ডের ক্লাব উইরাল এবার রেকর্ড বুকে নাম লেখালো। চেশায়ার লিগ তৃতীয় ডিভিশনের ম্যাচে হাসলিংটন ক্লাবের বিপক্ষে মাত্র ৩ রানে অলআউট হয়েছে উইরাল। এর মধ্যে লেগ বাই থেকে আসে ২ রান। মাত্র ১ রান এসেছে এগারো নম্বর ব্যাটসম্যান কনর হবসনের ব্যাট থেকে। শেষ পর্যন্ত অপরাজিত থাকেন হবসন।

১০ ব্যাটসম্যানই মারেন 'গোল্ডেন ডাক'। প্রথম আট ব্যাটসম্যান যখন সাজঘরে ফেরেন তখনও স্কোরবোর্ডে কোনো রান যোগ হয়নি। এরপর লেগবাই হিসেবে ২ রান যোগ হয় স্কোরবোর্ডে। ১০৫ রানে ম্যাচ জিতে নেয় হাসলিংটন। দলের পক্ষে ইসটেড ৫ ওভারে ১ রান দিয়ে তুলে নেন ৬ উইকেট। এছাড়া ৪.২ ওভারে কোনো রান না দেওয়া গ্লেডহিলের ঝুলিতে জমা পড়ে ৪ উইকেট। আগে ব্যাট করে ১০৮ রান সংগ্রহ করেছিল হাসলিংটন।

এই লজ্জাজনক হারের পর উইরাল ক্রিকেট ক্লাব এক টুইটার বার্তায় লেখে, "উইরাল ১০৫ রানে হেরেছে। দুঃখজনক যে বিপক্ষ দল যেখানে করেছিল মাত্র ১০৮ রান!"

খবর শোনার পর টুইটারে উইরালের ক্রিকেটারদের কোচিং করানোর ইচ্ছে প্রকাশ করেছেন ইংল্যান্ডের সাবেক অধিনায়ক মাইকেল ভন।

এর আগে ১৯১৩ সালে গ্লাসটনবুরির বিপক্ষে শূন্য রানেই গুটিয়ে গিয়েছিল সমরসেট ক্রিকেট ক্লাব।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: বিবিসি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11899/৩-রানে-অলআউট-ইংল্যান্ডের-ক্লাব!

**লিভারপুলের মাঠে চেলসির জয়**

২৮ এপ্রিল ২০১৪, ১০:৩৫ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: লিভারপুলকে তাদের ঘরের মাঠেই ২-০ গোলে হারিয়েছে চেলসি। সেই সাথে হোসে মরিনহোর দলের এই জয়ে জমে উঠেছে ইংলিশ প্রিমিয়ার লিগের শিরোপার লড়াই।

রবিবার ঘরের মাঠ অ্যানফিল্ডে ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে লিভারপুল। এমনকি ম্যাচের স্কোরলাইন দেখে কেউ বলতেই পারবে না যে, পুরো ম্যাচে লিভারপুলের নিয়ন্ত্রণে বল ছিল ৭৩ শতাংশ! চেলসির দু'টি গোলই হয়েছে অতিরিক্ত সময়ে। প্রথম গোলটি হয়েছে প্রথমার্ধের অতিরিক্ত সময়ে। আর দ্বিতীয় গোল হয়েছে দ্বিতীয়ার্ধের অতিরিক্ত সময়ে।

প্রথমার্ধের অতিরিক্ত সময়ের ডেম্বা বার গোলে এগিয়ে যায় চেলসি। তবে ডেম্বা বার করা প্রথম গোলটি লিভারপুলের অধিনায়ক স্টিভেন জেরার্ডের ভুলেই। অতিরিক্ত সময়ের তৃতীয় মিনিটে মিডফিল্ডার মামাদু সাকোর পাস ধরতে ব্যর্থ হন জেরার্ড। আর সেই সুযোগে বল ধরে দুর্দান্ত গতিতে গোলমুখে এগিয়ে গিয়ে লক্ষ্যভেদ করেন ডেম্বা। প্রথম গোলের পরই দ্বিতীয়ার্ধে রক্ষণাত্মক ফুটবলে চলে যায় মরিনহোর দল। ফলে একের পর এক আক্রমণের পরও গোলের দেখা পায়নি লিভারপুল। আক্রমণে গুরুত্ব দিতে গিয়ে লিভারপুলের রক্ষণভাগ হয়ে যায় দুর্বল। আর এই সুযোগে খেলার শেষ মুহূর্তে পাল্টা আক্রমণে চেলসির দ্বিতীয় গোলটি করেন উইলিয়ান।

ঘরের মাঠে লিভারপুল ম্যাচ হারায় সুবিধা হয়ে গেল ম্যানচেস্টার সিটির। তবে এই হারের পরও ৩৬ ম্যাচ থেকে ৮০ পয়েন্ট নিয়ে শীর্ষেই

রয়েছে 'অল রেড' নামে পরিচিত লিভারপুল। সমসংখ্যক ম্যাচে ৭৮ পয়েন্ট নিয়ে চেলসির অবস্থান দ্বিতীয়। অন্যদিকে তৃতীয় অবস্থানে থাকা ম্যান সিটির ৩৪ ম্যাচে পয়েন্ট ৭৪। লিভারপুল ও চেলসির এখনো তিনটি করে ম্যাচ বাকি। আর ম্যান সিটির বাকি রয়েছে পাঁচটি।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: স্কাই স্পোর্টস

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/11945/লিভারপুলের-মাঠে-চেলসির-জয়.

**অপ্রতিরোধ্য পাঞ্জাব**

২৯ এপ্রিল ২০১৪, ১০:৩৩ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) সপ্তম আসরে অব্যাহত রয়েছে কিংস ইলেভেন পাঞ্জাবের অপ্রতিরোধ্য যাত্রা। ছুটছেই তাদের জয়রথ। সর্বশেষ ম্যাচে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে পাঁচ উইকেটে হারিয়ে টানা পঞ্চম জয় তুলে নিয়েছে জর্জ বেইলির দল।

সোমবার দিনের একমাত্র ম্যাচে দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে আগে ব্যাট করে ৮ উইকেটে ১২৪ রান সংগ্রহ করে বেঙ্গালুরু। জবাবে ১৮.৫ ওভারে ৫ উইকেট হারিয়ে ম্যাচ জিতে নেয় পাঞ্জাব।

বেঙ্গালুরুর দেওয়া ১২৫ রানের স্বল্প লক্ষ্য তাড়া করতে নেমে দলীয় ৪০ রানেই ৩ উইকেট হারায় পাঞ্জাব। এই ম্যাচে জ্বলে উঠতে পারেননি দারুণ ফর্মে থাকা গ্লেন ম্যাক্সওয়েল। মাত্র ৬ রান করে আউট হন এই অস্ট্রেলীয় ব্যাটসম্যান। তবে পঞ্চম উইকেটে ৪৫ রানের জুটি গড়ে দলের জয়ের ভিত মজবুত করে দেন বীরেন্দর শেবাগ ও ডেভিড মিলার। শেবাগ ২৬ বলে ৩২ ও মিলার ২০ বলে ২৬ রান করে ফিরলেও দলের টানা পঞ্চম জয় নিশ্চিত করেন অধিনায়ক বেইলি ও রিশি ধাওয়ান। বেইলি ১৬ বলে ১৬ ও রিশি ২২ বলে ২৩ রানে অপরাজিত থাকেন। বেঙ্গালুরুর পক্ষে যুবেন্দ্র চাহাল ও বরুণ অরুণ নেন দু'টি করে উইকেট।

এর আগে টস হেরে ব্যাট করতে নেমে শুরুটা দুর্দান্ত হয়েছিল বেঙ্গালুরুর। এদিন নেমেছিলেন দলের অন্যতম ব্যাটসম্যান ক্রিস গেইল। ম্যাক্সওয়েলের প্রথম ওভার থেকে ২০ রান তুলে নেন এই ক্যারিবীয় 'দানব' ব্যাটসম্যান। কিন্তু পরের ওভারে সবাইকে অবাক করে দিয়ে সন্দীপ শর্মার বলে বোল্ড হয়ে যান গেইল। এরপর ব্যাট করতে নামা অধিনায়ক বিরাট কোহলিও খুব বেশিক্ষণ ক্রিজে স্থায়ী হননি। প্রথম বলে চার মারার পর দ্বিতীয় বলেই ওই সন্দীপের বলে এলবিডব্লিউ হন তিনি। পরের ওভারে পার্থিব প্যাটেলকেও ফেরান সন্দীপ। এরপর যুবরাজ সিংয়ের ৩২ বলে ৩৫ রান বাদ দিলে বেঙ্গালুরুর বাকিরা এদিন চূড়ান্ত ব্যর্থই বলা চলে। পাঞ্জাবের পক্ষে ৩ ওভারে মাত্র ১৫ রানে ৩ উইকেট নিয়ে দলের জয়ে সবচেয়ে বড় অবদান রাখেন সন্দীপ।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: ক্রিকইনফো,মাছরাঙা টেলিভিশন

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/12005/অপ্রতিরোধ্য-পাঞ্জাব.

**অলিম্পিকের সর্বকালের ‘বাজে’ প্রস্তুতি চলছে ব্রাজিলে!**

২৯ এপ্রিল ২০১৪, ৬:২৭ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: ২০১৬ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে ব্রাজিলের রাজধানী রিও ডি জেনেরিওতে। তবে এই আয়োজনের প্রস্তুতি নিয়ে হতাশা প্রকাশ করেছেন আন্তর্জাতিক অলিম্পিক কমিটির (আইওসি) সহ-সভাপতি জন কোটস। তার মতে, অলিম্পিকের সর্বকালের সবচেয়ে 'বাজে' প্রস্তুতি চলছে এবার ব্রাজিলে।

মঙ্গলবার কোটসের বরাত দিয়ে এ খবর প্রকাশ করে সংবাদ সংস্থা বিবিসি।

ব্রাজিলের যেসব স্টেডিয়ামে অলিম্পিকের খেলাগুলো অনুষ্ঠিত হবে তার অধিকাংশই এখনো পুরোপুরি প্রস্তুত নয়। এ ব্যাপারে কোটস বলেন, "এ সমস্যা সমাধানের জন্য ইতিমধ্যে আইওসির পক্ষ থেকে সেখানে প্রতিনিধি পাঠানো হয়েছে। কিন্তু সেখানকার স্টেডিয়ামগুলোর প্রস্তুতি খুবই হতাশাজনক।"

গত ৪০ বছর ধরে অলিম্পিক গেমস আয়োজনের সাথে জড়িত আছেন কোটস। ইতিমধ্যে ছয়বার স্টেডিয়ামের কাজ পরিদর্শনেও গেছেন তিনি। কিন্তু এ রকম কম প্রস্তুতি কোনো অলিম্পিকেই দেখেননি কোটস।

এদিকে আর দেড় মাস পরই ব্রাজিলে বসছে ২০১৪ সালের ফিফা ফুটবল বিশ্বকাপ। ধারণা করা হচ্ছে ফুটবল বিশ্বকাপ আয়োজন করার কারণেই অলিম্পিকের প্রস্তুতিতে এমন ঘাটতি রয়েছে।

এর আগে ২০০৪ সালের অলিম্পিকের প্রস্তুতি নিয়েও অসন্তুষ্ট ছিল আইওসি। কিন্তু এবারের প্রস্তুতি তার চেয়েও 'বাজে' বলে জানান কোটস।

ব্রেকিংনিউজ/এসএইচ/এএইচপি

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/12042/অলিম্পিকের-সর্বকালের-'বাজে'-প্রস্তুতি-চলছে-ব্রাজিলে!.

**মেসির রেকর্ড ভাঙলেন রোনালদো**

৩০ এপ্রিল ২০১৪, ১:৫৪ অপরাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: বর্তমান সময়ে ফুটবল বিশ্বে অন্যতম দুই নাম লিওনেল মেসি ও ক্রিস্টিয়ানো রোনালদো। একজনের রেকর্ড ভেঙে অন্যজন রেকর্ড গড়াটাও এ দু'জনের ক্ষেত্রে এখন ফুটবলের নিয়মে পরিণত হয়েছে। একজন একটি রেকর্ড গড়লেই অন্যজন তা টপকিয়ে নতুন রেকর্ড গড়েন। যেমন উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের এক মৌসুমে মেসির সর্বোচ্চ গোলের রেকর্ড ভেঙে নতুন রেকর্ড গড়লেন রোনালদো।

চ্যাম্পিয়ন্স লিগের ইতিহাসে এক মৌসুমে এখন সর্বোচ্চ ১৬ গোলের মালিক রিয়াল মাদ্রিদ তারকা রোনালদো। এর আগে ১৯৬২-৬৩ মৌসুমে এসি মিলানের হোসে আলতাফিনি ও ২০০২-০৩ মৌসুমে ম্যানচেস্টার ইউনাইটেডের নিসটেলরয়ের করা ১৪ গোলের রেকর্ডটিতে যৌথভাবে ভাগ বসান মেসি। ২০১১-১২ মৌসুমে যৌথভাবে এই রেকর্ডটি করেছিলেন বার্সেলোনার এই তারকা।

মঙ্গলবার চ্যাম্পিয়ন্স লিগের সেমিফাইনালের দ্বিতীয় লেগে বায়ার্ন মিউনিখের ঘরের মাঠেই তাদের ৪-০ গোলে বিধ্বস্ত করেছে রিয়াল। দুই লেগ মিলিয়ে ৫-০ গোলে এগিয়ে থেকে ফাইনালে উঠে গেছে স্পেনের সবচেয়ে সফল এই দলটি। ম্যাচে জোড়া গোল করেন সার্জিও রামোস ও রোনালদো। খেলার ১৬ ও ২০ মিনিটে দু'টি গোল করেন রামোস। আর ৩৪ ও ৯০ মিনিটে নিজের দু'টি গোল করেন রোনালদো। ফলে চলতি চ্যাম্পিয়ন্স লিগ মৌসুমে ১০ ম্যাচ থেকে রোনালদোর গোলসংখ্যা দাঁড়ালো ১৬টি। এখনো বাকি আছে ফাইনাল ম্যাচ। দুর্দান্ত ছন্দে থাকা এই পর্তুগিজ তারকা ফাইনালেও যে জ্বলে উঠবেন তা বলাই বাহুল্য। ফাইনালের রিয়ালের প্রতিপক্ষ হতে পারে আতলেতিকো মাদ্রিদ অথবা চেলসি। সেমিফাইনালের দ্বিতীয় লেগে বুধবার মুখোমুখি হবে এ দু'দল। এদিনই নির্ধারিত হয়ে যাবে ফাইনালে রিয়ালের প্রতিপক্ষ কে হচ্ছে।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: বিবিসি, গোল ডটকম

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/12083/মেসির-রেকর্ড-ভাঙলেন-রোনালদো.

**রাজস্থানের নাটকীয় জয়**

৩০ এপ্রিল ২০১৪, ১০:৩২ পূর্বাহ্ন

খেলাধুলা ডেস্ক

ঢাকা: আইপিএলের ইতিহাসে এক অন্যরকম রোমাঞ্চকর ম্যাচ দেখলো ক্রিকেটবিশ্ব। অবিশ্বাস্য হলেও সত্যি যে কলকাতা নাইট রাইডার্স ও রাজস্থান রয়্যালসের ম্যাচ ও সুপার ওভার দুটোই 'টাই' হয়েছে। তবে সর্বাধিক বাউন্ডারি মারায় নাটকীয়ভাবে ম্যাচ জিতে নেয় রাজস্থান রয়্যালস। ম্যাচ ও সুপার ওভার মিলিয়ে ১৮টি চার ও একটি ছক্কা মারে রাজস্থান। আর কলকাতার ঝুলিতে জমা পড়েছিল ১২টি চার ও তিনটি ছক্কা।

সুপার ওভারে প্রথমে ব্যাট করে জেমস ফকনারের বলে ২ উইকেটে ১১ রান তোলে কলকাতা। জবাবে সুনীল নারায়ণের ওভারে রাজস্থানও তোলে বিনা উইকেটে ১১ রান। সুপার ওভারের শেষ বলে রাজস্থানের জয়ের জন্য দরকার ছিল ৩ রান। নারায়ণকে এক্সটা কভারে ঠেলে দিয়ে স্টিভেন স্মিথ ২ রান নেওয়ায় সুপার ওভারও 'টাই' হয়। কিন্তু বেশি সংখ্যক বাউন্ডারি মারার সুবাদে নাটকীয় জয় পায় রাজস্থান। এই জয়ে পাঁচ ম্যাচে ছয় পয়েন্ট নিয়ে তালিকার তৃতীয় স্থানে রয়েছে শেন ওয়াটসনের দল।

মঙ্গলবার আবুধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে টস জিতে আগে ব্যাট করতে নেমে ৫ উইকেটে ১৫২ রান করে রাজস্থান। দলের পক্ষে সর্বোচ্চ ৭২ রান করেন অজিঙ্কা রাহানে। তার ৫৯ বলের এই ইনিংস সাজানো ছিল ৬টি চার ও ১টি ছক্কায়। এছাড়া অধিনায়ক ওয়াটসনের ব্যাট থেকে আসে ৩৩ রান। কলকাতার পক্ষে বিনয় কুমার নেন ২ উইকেট। এছাড়া আগের দুই ম্যাচে না খেলা বাংলাদেশি সাকিব আল হাসান ৪ ওভার বল করে মাত্র ২৩ রান দিয়ে নেন ১ উইকেট।

রাজস্থানের দেওয়া ১৫৩ রানের লক্ষ্যে খেলতে নেমে কলকাতাকে ভালো সূচনা এনে দেন অধিনায়ক গৌতম গম্ভীর। তবে এক পর্যায়ে ৮৮ রানে ৪ উইকেট হারিয়ে বিপাকে পড়ে যায় কলকাতা। যদিও তার আগেই সর্বশেষ চার ম্যাচে মাত্র ১ রান করা গম্ভীর ৪৪ বলে ৪৫ রানের এক প্রয়োজনীয় ইনিংস খেলেন। এরপর পঞ্চম উইকেটে সুরিয়াকুমার যাদবের সঙ্গে সাকিবের ৪৯ রানের জুটি দলকে জয়ের পথে এগিয়ে নিয়ে যায়। শেষ ২ ওভারে কলকাতার জয়ের জন্য দরকার ১৬ রান। বল করতে আসেন ফকনার। ১৯তম ওভারে ফকনার মাত্র ৪ রান দিয়ে যাদব, রবিন উথাপ্পা ও বিনয় কুমারকে সাজঘরে পাঠালে জয়ের পথ কঠিন হয়ে যায় কলকাতার।

শেষ ওভার থেকে কলকাতার জয়ের জন্য প্রয়োজন ১২ রান। কেন রিচার্ডসনের করা প্রথম বলেই চার মেরে দারুণ সূচনা করেন সাকিব। পরের বলে ২ রান নিতে গিয়ে রান আউটের শিকার পীযুষ চাওলা। পরের বলেই ওয়াইড থেকে আসে ১ রান। তৃতীয় বল থেকে ১ রান নেন নতুন ব্যাটসম্যান নারায়ণ। ওভারের চতুর্থ বলে ওয়াইড পাওয়ার কথা কলকাতার। কিন্তু আম্পায়ারের বিতর্কিত সিদ্ধান্তে ১ রান থেকে বঞ্চিত হয় তারা। তবে শেষ দুই বলে দু'টি করে ২ রান নিয়ে কলকাতার হার এড়ান সাকিব। আর ম্যাচ গড়ায় সুপার ওভারে। ১৮ বলে তিন চারের সাহায্যে ২৯ রানে অপরাজিত থাকেন সাকিব। আম্পায়ার ওই ওয়াইডটা দিলে নির্দ্বিধায় ম্যাচের নায়ক হতেন সাকিব। কিন্তু দুর্ভাগ্য কলকাতার। তবে ম্যাচে কলকাতার সেরা খেলোয়াড় বাংলাদেশের সাকিবই।

ব্রেকিংনিউজ/এএইচপি

সূত্র: ক্রিকইনফো,মাছরাঙা টেলিভিশন

http://breakingnews.com.bd/articles/খেলাধুলা/12063/রাজস্থানের-নাটকীয়-জয়